






# जूलिव लिथन

শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত



আৰ্য্য সাহিত্য ভবন কলেজখ্ৰীট্ মাৰ্কেট, কলিকাতা



889

শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত



আৰ্য্য সাহিত্য ভবন কলেজন্ত্ৰীট্ মাৰ্কেট, কলিকাতা শন্তি বস্থ



21.2.99

0

ভূতীয় সংস্করণ আধাঢ়, ১৩৪০

यूना २ का

মূদ্রাকর শ্রীপ্রভাতচন্দ্র বস্থ কাশী প্রিণ্টিং ওয়ার্কস্ বাঙ্গালাবাজার, ঢাকা। 4394



গরচ্ছলে গন্ত-কবিতার রচয়িতা প্রিয় বন্ধ শ্রীযুক্ত মণিলাল গঙ্গোপাধ্যায়

করকমলেযু-

## সূচী

#### "সপ্ত লোকের সাত মহলে"

বিহ্যৎপর্ণা	***	>
স্থ্য-সার্থি	•••	20
শোভিকা	***	२३
অনার্য্যা	***	80
পরিব্রাজক	***	86
বাজশ্বা	***	৬৬
রাজ-খনিনী	***	90
যশ্মস্ত	***	P2
হুৰ্ভাগা	***	৮৭
বিভার্থী	•••	20
শ্বাসীন	***	>05
'পরেয়া'	***	>>8
সতী	***	252
বিষক্তা	***	>29
দেবদাসী	***	208
মরিয়া	***	262
শেষ	***	>9>

স্বর্গীর সত্যেন্দ্রনাথের 'তুলির লিখন' বছদিন ছাপা নাই। পুতকখানি প্রকাশ করিবার ভার লইরাও নানা কারণে এতদিন প্রকাশ করিতে পারি নাই। বাংলার কাব্য-রিদক সমাজে স্বর্গীর সত্যেন্দ্রনাথের আদর চিরকালই সমান জানিয়া এতদিন পরেও বইখানি প্রকাশ করিতে ইতন্ততঃ করিলাম না।

নানা কারণে বইখানির মুদ্রণ-কার্য্য ইচ্ছান্থরূপ করিতে পারিলাম না। রসবেতা পাঠকের কাছে বহিঃসৌন্দর্য্যের অভাব কাব্য-রস গ্রহণের অন্তর্যায় নহে জানিয়াই স্বর্গীয় কবির কবিতা-সংগ্রহ এরপ দীনভাবে পাঠক-সমাজে উপস্থিত করিতে ইতন্ততঃ করিলাম না।

প্রচ্ছদপটের ছবিখানি এই সংস্করণে দেওরা সম্ভব হইল না এজন্য পাঠকগণ মার্জ্জনা করিবেন পরবর্ত্তী সম্করণে এ ক্রটি সংশোধন করিবার ইচ্ছা রহিল।

ঢাকা ১লা আফাঢ়, ১৩৪১

প্রকাশক

সপ্ত-লোকের সাত মহলে তুলির লেখা লিখ্ছ কে ?

দাও গো মোরে অযুত আঁখি কুলায় না যে হুই চোখে।

শিল্পী ! ওগো শিল্পী আদিম ! শিল্প তোমার আমার মন,

সেই মনেরি মন্-রচনা— কার স্থজন গো কার স্থজন ?

তোমার হাতে অনথ্ তুলি স্বঙের গায়ে রঙ্ ঢুলে,

তুলোর তুলি আমার হাতে রঙের রসে টুল্টুলে।

আমার মনের চিত্রশালায় জাগ্ছে যে ওই হাতের দাগ,

আদ্রা এঁকে যায় গো সেথায় ্ধায়া তুলির পাণ্ড্রাগ!

জাগৃছে সেথা হাজার 'আমি',—
নবীন, প্রাচীন, চিরন্তন;

জাগ্ছে অতীত্ পতিত্ 'আমি' জাগ্ছে পতিতোদ্ধারণ।

মগজ মনের রেখায় রেখায় তুলি তোমার যায় বুলি',

চুলের তুলি আমার হাতে নামটি তুলির 'এক্-চুলি'। চল্ছে চির-স্জন থেলা,—
নৃতনতার নাইক শেষ,—
নৃতন মনের লোকে
ধরছে বিশ্ব নৃতন বেশ!
তোমার তুলি থাম্ল যেথায়
আমার তুলি চল্ল গো,—
পুপো তারায় কারা-হাসির
নৃতন রং যে ফল্ল গো।
চুলের তুলি চোঁচের তুলি
তুলোর তুলি ধন্ম সর,
কাঠ-বিড়ালীর মোচের তুলি
ভাগ্য তারো স্কুল্ভি।

তোমার দীপের শিখার হল'
জীবন আমার প্রদীপ্ত,
তাইতো জাগে স্জন-প্রনাস
তাইতো শিল্পী অতৃপ্ত;
তাই সে আঁকে, তাই সে মোছে,
মনের ঝোঁকে বারম্বার,
শৃশ্ত পটে প্লা পাপের
'স্থ্য মা-সারা' চমৎকার!
আদ্রা ক'রে যাচ্ছ তুমি
তর্ছি মোরা রং দিয়ে,
তুলির লেখা ধন্ত হ'ল
আনন্দর্রপ বন্দিয়ে॥

## বিছ্যুৎপূর্ণ

অশ্রুর মোক্তিক!
হাস্তের ক্ষ্রি!
লহবের লীলা ঠিক
লাস্তের মূর্তি!
বিজুলীর আমি জ্যোতি
অতি চঞ্চল মতি
গতি বিনা আন্ গতি
নাই আন্ মুক্তি।

নন্দনে তাই, হায়,
না পাই আনন্দ ;
পারিজাতে টুটে যায়
মোহ-মোহ গন্ধ !
কে কোথায় গায় গান,—
বিহবল মন প্রাণ ;
মর্ত্য ফুলের ড্রাণ
মোর মোহ-বন্ধ !

মর্ত্য-ফুলের বাস,—

মৃত্যুর ছন্দ,—

আকাশে ফেলিয়া শ্বাস

রচে চারু দ্বন্দ্র !

কোথা ধরণীর তলে

কি নব স্থজন চলে,

ঘন মন্থন-বলে

ওঠে ভাল মন্দ

কাহার হৃদয়ে হেরি
সাগরের মন্থ,
অনাদি গরল হেরি'
অমৃত অমস্ত !

মোরা সাগরের মেয়ে মন্থন-দিন চেয়ে প্রাণের সাগরে নেয়ে হুই প্রাণবস্তু।

কে গো তুমি গাও গান
হে কিশোর-চিত্ত !
তোমারে করিব দান
চুম্বন-বিত্ত ।
গান্ধারে ধর সুর,—
ধর সুর সুমধুর,
গাও, গীত-সুথাতুর
আমি করি নৃত্য ।

কল্পতরুর ফুল

পড়িল কি খসিয়া,
কী পুলকে সমাকুল
ধ্যান-রস-রসিয়া!
কিসের আভাস খানি
সে কোন্ স্থপন্-বাণা ?
চেয়ে দেখ, পরী-রাণা
ফিরে নিশ্বসিয়া!

#### তুলির লিখন

আমি পরী অপ্সরী
বিদ্যুৎপর্ণা,—
মন্দার কেশে পরি
পারিজাত-কর্ণা ;
নেমে এরু ধরণীতে
ধূলিময় সরণীতে
ক্ষণিকের ফুল নিতে
কাঞ্চন-বর্ণা।

মোরা খুসী নই শুধু
দেবতার অর্থ্যে,
কোনো মতে রই, বঁধু,
স্বর্গের বর্গে।
চির-চঞ্চল মন
ছল থোঁজে অগণন,
তাল কাটে অকারণ
থেয়ালের খড়্গে।

জাগে নৃতনের ক্ষ্ণা,
তাই চেয়ে বক্রে
নেমে এন্থ পীত-স্থা
চকোরের চক্রে;

এক ঠাই নাই সুখ মন তাই উৎসুক, নাচে হয় ভুলচুক শাপ দেয় শক্তে।

নাই তবু নব-ঋক্
মন্ত্রের দ্রফী,—
নব-ধাতা কোশিক
নব-লোক স্রফী;
নাই রাজা পুরুরবা,—
তবু ধরা মনোলোভা;—
যেচে ত্যজি সুরসভা,—
শাপে হই ভ্রফী।

 শাপে মোরা মানি বর
কোতুক-চিত্তে
নেমে আসি ধরা 'পর
সাধনার তীর্থে।
অপরূপ এ ধরণী
কামনা সোনার খনি
চিরদিন এ যে ধনী
নব-আশা বিত্তে।

কাঁপ দিয়ে অজানায়
তোলে মণি মৰ্ত্ত্য,
স্বাপি' মন অচেনায়
প্রেম পরিবর্ত্ত !
চির-উৎস্কুকী তাই
মান্নবের মুখ চাই
গোপনের তল পাই
স্বপনের অর্থ।

স্বপনে স্বপন বাঁধি
অঙ্গুলি-পর্নে,
আলো-ছায়ে হাসি কাঁদি
নির্মার-বর্ষে!

মোরা পরী অপ্সরী ক্ষিতি অপ্ তেজ ভরি সঞ্চরি যাই সরি নব নব হর্ষে।

পরশ বুলায়ে যাই
শিশুরে যুমন্তে
দেয়ালায় হাসে তাই
দুধে-ধোয়া দত্তে।
তরুণ আঁথির ভায়
উঁকি দিই ইশারায়,
এ হাসির বিভা ছায়
কীর্ত্তির পত্তে।

ভাবুকের ভালে রাখি

পরশ অদৃশ্য,

মোলে সে নৃতন আঁখি

হেরে নব বিশ্ব !

মনের মানস-রসে

নব ভব নিঃশ্রমে

নব আলো পড়ে খসে

মরণ-অধ্যা।

#### ভুলির লিখন

ভাব—ভাব-কদমের
ফুল দিনে রাত্রে
ফুটে ওঠে জগতের
রসঘন গাতে,
মধু তার অফুরান্
স্থা হ'তে নহে আন্
মোরা জানি সন্ধান
ধরি হুদি-পাতে।

মোরা উঠি পল্লবি'
বিদ্যাৎ-লতিকায় ;
নীহারিকা ছায়াছবি,—
মোরা নাচি ঘিরি' তায় ।
মুকুতায় অবিরাম
করি মোরা অভিরাম,
জড়াই কুসুম-দাম
সাগরের অতিকায় ।

আমরা বীরের লাগি'
স-রথ স-ভূর্য্য,
বণিকের আগে জাগি'
মণি বৈদূর্য্য,

তাগসের তপ টুটি, হাওয়ায় হাওয়ায় লুটি, কবির হৃদয়ে ফুটি জ্বালাহীন সূর্য্য।

স্বরগে মরতে নিতি
করি মোরা যুক্ত,
দিই প্রীতি, গাই গীতি
চির-নিমুক্ত।
কল্প-পাদপ আর
কল্পনা-লতিকার
দিই বিয়ে, রচি তার
বিবাহের স্কুক্ত।

3

হাসি মোরা ফিক্ ফিক্
তট-জলে রঙ্গে,—
বিক্মিক্ চিক্মিক্
ভঙ্গ তরঙ্গে,—
ফুল-বনে পরশিয়া,—
থোবনে সরসিয়া
চুম্বনে হরষিয়া
অঙ্গে অনজে।

ফাস্ক্রনে মরতের
বৃকে রচি নন্দন,
বনে বনে হরিতের
ঢালি হরি-চন্দন;
আকাশ-প্রদীপে চাহি
মোরা কত গান গাহি,
কবি-হ্যদে অবগাহি
লভি শ্লোক-বন্ধন।

শুক্ল শারদ রাতে
জোছনার সিন্ধু,
মেবের পদ্মপাতে
মোরা মণি-বিন্দু।
মেবের ওপিঠে শুয়ে
ধরণীরে দেখি মুয়ে,
আঁথিজল পড়ে ভুঁয়ে
ভাথে চেয়ে ইন্দু।

ভালবাসি এ ধরারে
করি চুমা বৃষ্টি
মৃত্যুর অধিকারে
অমরতা সৃষ্টি :

সুথের কাঁদন শিখি
মরমে লিখন লিখি;
রোদে-জলে ঝিকিমিকি
হেনে যাই দৃষ্টি।

থেলি থেলা নিশি ভোর

সারা নিশি বঞ্চি,
চলে যাই হাসি-চোর
আঁথি-লোর সঞ্চি';
শুধু এই আনাগোনা

মনে মনে জাল বোনা,
গোপনের জানা শোনা
ভপনে প্রবঞ্চি'।

 মিশে যাই ধোরঁ।-ধার
ঝর্ণার শীকরে,
হেসে চাই আরবার
জোনাকীর নিকরে,
খেয়ালের মন্ত সে
পান করি সন্ত সে,
চির-অনবন্ত সে
হাসি-রাশি ঠিকরে।

থেয়াল মোদের প্রভু,
দেবতা অনঙ্গ,
আনরা সহিনা তবু
সত্যের ভঙ্গ;
আমরা ভাবের লতা,
ভালবাসি ভাবুকতা;
নাহি সহি নগ্নতা,—
নিলাজের সঙ্গ।

চির-যুবা শূর বীর বিজয়ীর কুঞ্চে আমাদের মঞ্জীর মদালদে গুঞ্জে; ভাবে যারা তন্ময় জানেনা মরণভয় তার লাগি' আনি হয় রণ-ধৃম-পুঞ্জে।

ফুটে উঠি হাসি সম
থড় গের ঝলকে,
মোরা করি মনোরম
মৃত্যুরে পলকে।
উৎসবে দীপাবলী
সনে মোরা নিবি জ্লি,
সুরা সম উচ্ছলি'
চঞ্চল পুলকে।

যুগে যুগে অভিসার

• করি লযু পক্ষে

নাই লীলা দেবতার

অনিমেষ চক্ষে;

আকাশের তুই তীর

হ'তে নাহি দিই থির,

টিঁকি নাকো পৃথিবীর
সীমা-ধেরা বক্ষে।

আকাশের ফুল মোরা,
হ্যতি মোরা হ্যলোকে;
স্বপনের ভুল মোরা
ভুল-ভরা ভূলোকে।
চরণে হাজার হিয়া
কেঁদে মরে গুমরিয়া
ধূলি হতে ফুল নিয়া
মোরা পরি অলকে।
গাও কবি! গাও গান

গাও কবি ! গাও গান
হৈ কিশোর-চিত্ত !
কিশলয়ে কর দান
চুম্বন-বিত্ত ।
বাঁধ মোরে ছন্দে গো
বাঁধ ভুজবদ্ধে গো,
তোমা' ঘিরি' ফিরি' ফিরি'

### সূর্য্য-সার্থি

হিম হ'য়ে যায়, হিম হ'য়ে যায়

বপু মম বেপমান,
ঝিম্ ঝিম্ ঝিম্ নভ নিঃসীম

কেঁপে কেঁপে মরে প্রাণ;
বাজে কি না বাজে কালের ডমক
ভিণ্ডিম অবসান!

জাধারে কে মোরে জাগালে অকালে
আনিলে চেতন-কৃটে,
ভিম্ব টুটিব আপন বলে যে,—
কে দিল ভিম্ব টুটে ?
কে মোরে ঢেকেছে উত্তাপহীন
বিপুল পক্ষ-পুটে ?

#### তুলির লিখন

অকালে বিফলে জাগালে বিকলে;—
গর্ভ-শয়ন-শায়ী
রক্ত-শোণিম কুন্নিত ক্রণ
স্ঞানী-পীযূষ-পায়ী;
নিরালোক দেশে মিছা জাগরণ,—
হ'লে অকাজের দায়ী।

নিদ্-সাগরের তটে তটে বায়ু
ফেলে হিম নিশাস,
শবরীর মেয়ে শ্যামা শর্কারী
চিত্তে জাগায় ত্রাস;
কখন্ মোচন হবে গ্রাধারের
এই অজগর গ্রাস ?

জননী বিনতা! অয়ি অবনতা!
কী করিলে তুমি, হায়!
আবরণ মোর কেন খুচাইলে
অকালে চঞ্চায় ?
আমি অপুষ্ট আমি শীতাতুর
দাঁড়াতে পারি না পায়।

জানি হঃসহ হর্দ্দশা তব
হঃসহ দাসীপনা,
সতীনীর ছলে হত-মান তুমি
সহ শত গঞ্জনা;
স্বতীনীর ছেলে কুর সর্পেরা
দ্যায় তোরে লাঞ্ছনা।

তব্ রোষ মানি,—কেন তুই মোরে
করে দিলি নিম্ফল ?

ধৈষ্য ধরিতে বলি' গেল পিতা
কে হ'লি চঞ্চল ?

মহাবল ছেলে হরে যে মা তোর,
এই কি সে মহাবল ?

ক্রুর সপের দর্প ঘুচাব,—
এই ছিল মোর ত্প,
জন্ম-কোষের মাঝে রহি শুধু
এই করিয়াছি জপ;
ভেঙে দিলি তুই ব্যর্থ করিলি
নফ্ট করিলি সুব।

#### তুলির লিখন

কতদিন মোরে পক্ষে ঝাঁপিয়া দিলি বক্ষের তাপ, দিন গণি' গণি' করিলি আপনি কত যুগ পরিমাপ ; কার শাপে শেষে ঘটালি এমন, কার এই অভিশাপ ?

কোন্ নিষ্ঠুর পরিহাস হেন
করিছে মোদের সবে ?
শঙ্খ-ধবল দেবতার ঘোড়া
নহে কেন কালো হবে ?
ভরিবে ভুবন কেন কদাচারী
কক্রন গৌরবে ?

সন্থাপ তোর ব্ঝিতে পারি মা মুখে তোর নাই হাসি। মনের গ্রানিতে মরমে মরিছ সতীনীর হ'রে দাসী; শোচনার তোর অন্ত নাহি গো অন্তুশোচনার রাশি। স্বামী উদাসীন, প্রবল সতীন
চিরদিন যন্ত্রণা,
পক্ষের তলে যে হুটি পুষিলে—
এসন বিভূম্বনা—
একটিরে তার নিজে মা মেরেছ;
কিবা আছে সান্ত্রনা ?

স্থল কূল নাই চুঃখ-সাগরে

তেউ সে আঁধার-করা,
কূলে এসে হায় ডুবে গেল তোর
ভবিশ্বতের ভরা;
আশা-মালঞ্চ ঝড়ে ভেঙে দিল
তোর এই অতি হুরা।

অধিক যতনে আশার প্রদীপ স্থাচলে ঢাকিলে, মরি, অতি আগ্রহে দীপ সে নিবিল অঞ্চল গেল ধরি', নগ্ন দাঁড়ালে শক্রর আগে নেবা-দীপ হাতে করি'। তুলির লিখন

XX

বেদুনা তোমার বুঝিতে পারি মান যে যাতনা দিনযামী সে ব্যথা খুচাতে নাহি সামর্থ্য ব্যাহত পদ্ধ আমি; শীতের শাসনে মুহু বুকে মোর

বাহির হবার যোগ্য না হ'তে বাহিরে আনিলে টেনে, দাস্থ মোচন হল কি জননী অকালে আঘাত হেনে ? অথবা জাগালে ছথের দোসর বড়ই একাকী মেনে ?

তবু একী তোরে হবে মা রহিতে, মোরে যেতে হবে দূরে, হথের দোসর হতে নারিলাম তোর নৈরাশ-পুরে; রবি বিনা মাতা স্বস্তি কে দিবে এই চির-শীতাতুরে ? বিধির বিধান লজ্ঞি করিলে
বিধাতার অপমান,
হায় মা! আপনি বাড়ালে আপন
দাস্তের পরিমাণ;
তাপস তোমার স্বামীর কথায়
দিলে না, দিলে না কান!

অপ্রমন্ত রহিতে নারিলে,

সহিতে হইবে তথ,

অভিশাপ নহে,—মায়ে দিয়ে শাপ
পুত্রের কিবা স্থ্য ?—

মাতার দাস্থে পুত্রের কবৈ

উজ্জ্বল হয় মুখ ?

অভিশাপ নহে, ভবিতব্য এ, এ যে করমের ফল, অকালে অকাজে ব্যয়িত বিস্ত চাই নব সম্বল; নব তপে পুন যুগের যাপন

এনে দিবে নব বল।

আছে এক মহাসত্ত এখনো
তোমার পক্ষতলে,
অকালে যেন মা তারে আর তুমি
জাগায়ো না নিক্ষলে ;
তোমার দাস্ত যুচায়ে ধ্যু
হ'ক সে অবনীতলে।

শঙ্খ-ধবল দেবতার ঘোড়া,—
কালো যারে বলে ক্রুর,—
তার শুদ্রতা করিবে প্রমাণ
শুনার সে সোদর শূর,
বিধির বিধান ক্রে যারা বলে.
তাদের দর্প চূর।

যুদ্ধ করিয়া দেবতারও সাথে লভিবে সে সম্মান, হবে তেজীয়ান, বিষ্ণু-রথের চূড়ায় তাহার স্থান ; দেবতার রাজা ইন্দ্রের সনে করিবে সে স্থধা পান। বিশে বিথারি মৃত্যুর ছায়া
পরম দর্পভরে
অমৃতের সাধ রাথে যারা, সুধা
্ সঁপিবে তাদেরও করে,
উদার তাহার হৃদয় কাঁদিবে
ক্রুর সর্পেরও তরে।

দেবতা হরিবে সুধার কলস,—
বিধাতার এ বিধান,—
সর্প কুটিল হবে না অমর,
হবে শুধু হতমান;—
অমৃতের লোভে জিহ্বা মেলিয়া
অঞ্-সলিল পান।

পঙ্গু আমি মা! ভাষ্ণের শোর্য্য ভাবিয়া আমার সুখ, আমি দিয়ে যাই আশার বারতা কানে তোর উৎস্থক, আলোর আভাসে দেখে যাই তোর জাগ আতুরের আর্তিহরণ!
জাগ রবি! প্রাচীমূলে,
এস ভাস্বর! এস ভাস্কর!
গাধার বিঁধিয়া শূলে;
শীতাতুর তব নবীন সার্থি
লও তারে রথে তুলে।

অক্ষম জেনে নৃতন ক্ষমতা
স্থাজিলে আমার লাগি',
আমারে করিলে জ্যোতিরস্ত !
আপন জ্যোতির ভাগী;
ওগো জগতের নয়নের তারা
পদ্মের অমুরাগী!

উপ্র-তোমার ব্যগ্র আঁলোক বাঘের চোখের জ্যোতি; সহিতে নারে যা' বিশ্বভূবন হৈ গ্রাহ-ছত্রপতি! দাহিবে না তায়, সহজে সহিবে তমু-দেহ এ সার্থি। সহজে সহিব, আমোদে রহিব তোমার নয়ন-ভায়, মধু-পিঙ্গল কিরণ তোমার, — মধুর করিব তায়; যুগে যুগে নব-জাগরণ-ভূরী বাজাব প্রভাত-বায়।

আলোকের রথে সারথি হইয়া জনমে জনমৈ রব, জনমে জনমে জনে জনে জনে আলোকের বাণী কব ; পুষ্প-বিকাশ আশার আভাস জাগাব নিত্য নব।

জননী বিদায় ! বিদায় জননী ! প্রণতি তোমার পায়, চির জ্রণ এই কুদেহ তনয়ে রেখ, মনে রেখ, হায়. ক্ষণিক আশার দোসর তোমার চরণে বিদায় চায়। সুদিনে স্মরণ করিয়ো জননী!
আর কিছু নাহি চাই,
পাণ্ডু আশার প্রথম আভাস
দিয়ে আমি চলে যাই;
সূর্য্য-রথের পঙ্গু সার্থি
আলোকের আগে ধাই।

মন্দের ভাল সকলের আগে

সে ভাল ক্ষণস্থায়ী;
ভালর ভাল সে দর্ব্ব কালের
চরমে আরামদায়ী;
নয়নের জল মোছ, মা! তুমি যে
অমর অমৃতপায়ী।

বিদায় জননী ! যাই মা ! বিদায় !

শীতে বড় পাই ক্লেশ,
পূরিবে কামনা পুণ্যবতী গো

নাই সংশয়-লেশ,
রবি-রথে বসি দেখিব একদা

মা তোর ছথের শেষ।

## তুলির লিখন

দেবতা ! তোমার হরিৎ ঘোড়ার রশ্মি আমায় দাও ; সপ্ত অশ্ব বৈবস্বতী ! ধাও তীর-বেগে ধাও ; নব জাগরিত বিশ্ব ভুবন ! নব গায়ত্রী গাও ॥

# শোভিকা

তপ্ত ভুবন, সুপ্ত বাতাস, তৃপ্তি নাহিক, নাহিক আশা; কাঠ-মল্লিকা-ফুলের পাতায় কাঠ-পিঁপ্ড়েকে বেঁধেছে বাসা। রোদ্র-মাতাল মৌমাছিগুলা · মূর্চিছ' পড়িছে শিরীষ-মূলে, চাক্ভাঙ়া যত ভীমরুল এসে ব্যস্ত করিছে কৃচ্চিফ্লে। নীরব-দহনে দহিছে জগৎ ় অশ্রু-বিহীন বিপুল হুখে, শুকায়ে উঠিছে বিপুল হুতাশে আমারি মতন মৌনমুখে। শূন্য হৃদয় শুকায়ে উঠিছে শুষ্ক নয়ন স্বদূরে চায়; হায় গো হায়!

মথুরাপুরীর শ্রেষ্ঠ গায়িকা মধুপার মেয়ে নন্দা আমি, দরীগৃহে রাজ-রঙ্গ-ভবনে গানে গানে গানে পোহাই যামী। করি অভিনয় রাজ-রঞ্জনে আমি গো শোভিকা নগর শোভা, রাজার প্রজার নয়নের মণি হাজার হাজার হৃদয়-লোভা ! আয়ত্ত মম সকল বিছা করগত চৌষট্টি কলা, গেহ ভরা জ্ঞানী-গুণী-সমাগমে, তবু যুচিল না মনের মলা। তবু যুচিল না চির-হাহাকায়, না জানি পরাণ কি ধন চায় হার গো হার।

শশ্ব-ধবল গৃহটি আমার
কীলক-বদ্ধ কবাট তাহে,
গৃহচূড়ে সোভাগ্য-পতাক।
গৃহতলে শুক সারিকা গাহে ;
শ্লুখ আলদ্যে আরামে ঝিমাই
রেশমের হিন্দোলার পরে,

দাসী নিপুণিকা আর চতুরিকা
মক্ষী তাড়ায় চামর করে 
শশকের লোহে কেশ ধুই নিতি,
কাশ্মীর-ফুলে বাঁধি কবরী,
তুষার-মিশ্র শীতল মদিরা
পান করি কভু সেতার ধরি;
স্থারে বাঁধা তার করে হাহাকার,
বাষ্প-জড়িমা স্থারে জড়ায়!
হায় গো হায়!

বিশ্বৃত কোন্ স্থদূর স্থপন
ছায়ার মতন ঘনায়ে আদে,
অ-ধর সে কোন্ স্থদূর চাঁদের
• স্থমা গোপন পরাণে ভাসে;
পঙ্গল এই জীবন সায়রে
পঙ্গজ কোথা ওঠে গো ফুটে,
সৌরভ তার কাঁদিয়া ফিরিছে
ব্যথিত আমার পরাণ-পুটে।
অনেক যামিনী ব্যর্থ গিয়েছে
অনেকের পরিচর্য্যা করি,

Q's

ক্ষণিকের মোহ ক্ষণে যে টুটেছে ভুলেছি, ঠেলেছি, হাখিনি ধরি'। না পেয়ে নাগালে যে পাওয়া পেয়েছি তারি লেহা শুধু পরাণে ভায়, হায় গো হায়!

মন যাহা চার হার গো সে ধন বাহু যদি ঘেরে রাহুর মত আধা-পথে মন ফেরে বাধা পেয়ে মনের যে লেহা হয় সে গত। দেবতার ভোগ কুকুরে খায় উপোৰী দেবতা হয় বিমুখী, ভোগের পরশ নাশে ভালবাসা পাণ্ডু অরুচি ছায় গো উঁকি। নয়নের আগে বারেক হাসিয়া, যে চাঁদ স্থদূরে গিয়াছে সরি' ভাবের ভুবনে চির পূজা তার, আরতি তাহার জন্ম ভরি'। স্মিরিতি স্বপনে তার রাজাসন চির জাঁখিধারা ঝরে সে পায়, হায় গো হায়!

মনে পড়ে সেই মনোহর রাতি ফিরিতেছি অভিনয়ের শেষে পুরুষ-ভূমিকা করি' অভিনয় 'খেয়ালে চলেছি পুরুষ-বেশে। রঙ্গ-তুয়ারে রস্তা তরুর मोल-व्रक्तराज (मंडेि ज्ञाल, সে আলোতে বসি পুঁথি পড়ে কেগো ? ধেয়ানী বিলাস-ভবন-তলে ! কিশোর মূরতি আঁখির আরতি পরাণের প্রীতি লয় সে কাড়ি': স্থাত-বিশ্বিত বচনে সুধানু "কি পডিছ হেথা ? কোথায় বাড়ী ?" কহিনু নাট্য-ভবন-গুয়ারে পাঠোতে মন দেওয়া যে দায়, হায় গো হায়!

পুঁথি হ'তে মূখ তুলিয়া বারেক অমনি সে সাঁখি করিল নীচু, দৈশ্য-লজ্জা আকুতি নয়নে সহসা বলিতে নারিল কিছু। নীরবে যেন সে কহিল আমায় "অপরাধ ইহা ?—ছিল না জানা; অপব্যয়ের মশাল জ্বলিছে,—
পাঠ-অভ্যাস তাহে কি মানা ?"
সঙ্কোচ হেরি' সুধাতু আবার,
কহিল সে "বিত্যার্থা আমি,
তৈল কিনিতে নাই সামর্থ্য
তাই হেথা বসি কয়েক যামী;
ভক্ত পক্ষ স্থরু হ'য়ে গেলে
আসিব না আর আমি হেথায়।"
হায় গো হায়।

তামসিকতার ভোরণে বসিয়া

এ কি তপস্থা!—ভাবিন্থ মনে;
তরুণ তাপদ! তোমার দৃষ্টি
পূত করি' দিল এ হীন জনে।
তুমি উঠিতেছ চিত্ত-শিখরে
আমি ডুবিতেছি ভোগের কৃপে;
লালসায় খরা নয়ন আমার
জুড়াল তোমার তাপস-রূপে।
সহসা হৃদয় সংবরি, তারে
কহিতু "পড়িতে হবে না পথে,

-এই লও হুটি কনক নিষ্ক,
তৈল প্রদীপ হ'বে এ হ'তে ?
লঙ্জা ক'র না কিশোর বন্ধু!"
তহাতে লয়ে হাত দিনু মুঠায়।
হায় গো হায়!

মাসে মাসে ঠিক সেইখানে গিয়ে পূজার অর্ঘ্য দিতাম তারে, পুণাু আমার এই অভিসার মণি হ'য়ে জলে স্মৃতির হারে। যে বেশে প্রথম দেখেছিল মোরে সেই বেশে সাজি দিতাম দেখা, গোধূলি লগনে ছায়া আবরণে দূরে দাসী রেখে যেতাম একা। শুনিতাম তার জীবনকাহিনী, ছোঁটখাট তার অভাবগুলি মোচন করিয়া মন খুসী হত স্বৰ্গ যেন সে যেত গো খুলি'! তবু কি যে হাওয়া জাগিত হঠাৎ তবু কি যে তাপে দহিত কায় হায় গো হায়!

একা দেখা করা বন্ধ করিলু,— উঁকি দেয় মনে উন্নাদনা: বন্ধু ভাবিয়া কাছে যে এসেছে দূরে যাবে হেরে বারাজনা ? ছদ্ম বেশের মর্য্যাদা হায়, রেখে যে আমায় চলিতে হবে. ছল আজি মোর কল্যাণ হেতু ছলের ছন্দ চলুক তবে। হৃদয়ের মাঝে স্বর্গ যে আছে শূত্য সে মোর এ জন বিনে, আছে যে নরক সে তো মুখরিত অট্ট হাস্তে যামিনী দিনে। হাজার বাতির ঝাড় জলে তবু হরবের ভাতি নাই সেথায় হায় গো হায়!

পরাণ জলিছে বন্দ্ব চলিছে
ক্রন্দন ওঠে সংগোপনে,
অন্তরে মোর ভাল ও মন্দ
মাতিয়াছে যেন মল্লরণে!
সহসা শুনিত্ব না বলি' না কহি'
চলে গেছে কোথা বন্ধু মম;

রুদ্ধ ব্যথায় ধূলায় লুটারু অজানা আঘাতে ক্ৰোঞ্চী সম। কাঁদিলাম, গালি পাড়িতে গেলাম, ্তাবিলাম অকৃতজ্ঞ ওয়ে, আবার ভাবিমু,—সব সে বুঝেছে,— আমার গ্লানি কি বালকে বোঝে ? গেল নাগালের বাহিরে চলিয়া, ভাল হল ওরে মলিন হিয়া, বিলাসের মালা গাঁথিতে হল না (मर्य-मान निर्माला मिया। জগতের চোথে আমি কলঙ্কী, সে কি আজো অকলঙ্ক জানে ? ম্লান মুকুরের ভাস্বর ভাগ ভাতিছে কি আজো তার নয়ানে? নোরে জেনেছিল শুধু শুভার্থী; जुल १...जुल किना वला रम मांग्र হায় গো হায়!

গেছে সে চলিয়া কিছু না বলিয়া স্মরিতে এখনো হৃদয়ে বাজে, পাপে অৰ্জ্জিত অৰ্থ আমার লাগিল না কল্যাণের কাজে। শৃত্য জীবন শুক্ষ হৃদয়
কাঠ-মল্লিকা ফুলের মত
প্রবং গন্ধ আছে যা' তা' সেই
তক্ষণের দান দেবব্রত।
দিবসের আলো কাঠ-বিষে ভরা
লাল্সা-বিলাস নিশির ভাষা,
কাঠ-মল্লিকা ফুলের বিতানে
কাট্-পিঁপ ড়েতে বেঁধেছে বাসা।
গানের মদিরা প্রাণ না পরশে,
মদিরার জালা নয়নে ভায়;
হায় গো হায়!

তব্ ধনী আমি, আমি রূপবতী,
আলাপ-নিপুণা, হাস্ত-রতা,
রাজার সঙ্গে রাজনীতি কহি
পণ্ডিত সনে শাস্ত্র-কথা।
বণিকেরে মণি চিনিতে শিখাই,
বিলাসীর মন লীলায় হরি.
কবির সঙ্গে কাব্য-রক্ষে
কবিতার পদ-পূরণ করি।
দর্শন পড়ি, ঘোড়াতেও চড়ি,
খড়ি পেতে জানি অঙ্ক ক্ষা,

জ্ঞানী-গুণী-জন-গুঞ্জন শুনি
চুম্বন জিনি' অমৃত-রসা।
তবু মিটিল না মমতার ক্ষ্ণা,
' স্নেহের পিপাসা— সে কিসে যায় ?
হায় গো হায়!

শোভিকার মন শূন্য ভুবন, একটি কি সেথা ফুটেছে হাসি ? দিনের দেবতা! মার্জনা কর নিশীথের পাপ-চিন্তা রাশি। মনের গোপনে চৈত্য রচিয়া রেখেছি যে নিধি স্বপন মাঝে,— সেই মোর বল সেই সম্বল আমার আঁধার আলোকি' রাজে। সেই অঁক্ষুর দিনে দিনে বাড়ি' विथाति मित्व कि वर्ते व ছाया ? স্নেহের পিপাসা মিটায়ে আমার ব্যর্থ এ নারী-হিয়ার মায়া ? শূখতা আর সহিতে না পারি শুষ্ক হাদ্য় মমতা চায়, হায় গো হায়!

## অনাৰ্য্যা

কানাচ দিয়ে শাবক-হারা বিড়াল কেঁদে যায়, কার বাছারে গুহার বেঁধে রাখ্লে এরা হায়! আমার চোথে যুম এলনা, শৃত্য আমার কোল, 'মা' বোল্ আমার ফুরিয়ে গেছে কচি মুখের বোল্। ওরে বাছা! পরের ছেলে! নয়ন মেলে চাও, বন্দী তুমি, তবু এমন অঘোরে যুম যাও ? কাল যে তোরে ফেলবে কেটে, সন্দেহ নেই তার এই মুজবান্ পাহাড় পরে ক্রন্থর অগ্রিকার। সাত শো লোকের মালিক জ্রুন্ত, ক্রুন্ত আমার ভাই, সোমলতা যে তুল্তে আসে রক্ষা তাহার নাই। কটা রঙের উপরেতে দ্রুহুর ভারি রাগ, (माय मिव कि ? की तर्डिं क्लिंड्ड क्लिंड क्लें के कांग। তোমরা বাপু ছুফী ভারি,—তোমরা কটা লোক, কালো লোকের জিনিষেতে দাও বা কেন চোখ ?

উত্তে এসে বস্লে জুড়ে পাহাড়-তলীতে, বইল নাক' কিছু মোদের আপন বলিতে; পাহাড়-গুহায় লুকিয়ে বেড়াই আমরা অনার্য্য, মোদের যত হক্-দাবী কেউ করেই না গ্রাহ্য। উঠলে রুখে আমরা দস্ম্য 'নিমু' হলেই দাস, কোনো দিকেই নেইক ভালাই, যে দিকে চাই ত্রাস। রুফা ক'রে চল্তে গেলে চাকর হ'তে হয়, তার চেয়ে এই বন্ধ জীবন ভালই স্থনিশ্চয়। সর্ব্বনাশের তোমরা গোড়া, বাধাও গওগোল, তোমাদেরি জন্মে আজি শূন্য আমার কোল।

সে আজ অনেক দিনের কথা, লড়াই ভয়দ্বর
বাধ্ল আর্য্য অনার্য্যেতে, সাজল নারী নর;
আমার কোলে ছেলে তখন, রইনু গুহাতে
বুকের মাঝে বুকের নিধি আগ্লে ছ' হাতে।
দিনের পরে দিন চলে বায় লড়াই না থামে,
বিষ-মাথা তীর ছুট্ছে কেবল দক্ষিণে বামে।
পাহাড় পরে টিপির আড়াল টঙ্ সে সারে সার,
আড়াল থেকে আমরা মারি, খাইনে বড় মার;
হালাক্ হ'য়ে শক্রু দিল আগুণ পাহাড়ে
রাত্রে গুহায় জমাট ধোঁয়া চুক্ল আহা রে!

### তুলির লিখন

সেই ধোঁয়াতে মৃচ্ছণ কখন গেছি যুমস্তে ছেলেয় খুঁজে পেলেম না আর মৃচ্ছণিরি অন্তে।

শোধ নিতে এর পণ করিল ক্রন্থ আমার ভাই ।
আমার হিয়া শান্ত না হয়, সান্ত্রনা না পাই।
দিন হ'দিনে হঠাং ক্রন্থ—নেই কোনো কথা
ফুট্ফুটে এক দামাল ছেলে আন্লে একদা।
লুট্ ক'রে সেই সোনার নিধি আর্য্য-পত্তনে
সপলে আমার শৃত্য কোলে প্রফুল্ল মনে।
ঠোটে আমার হাসির রেখা চোখের কোলে জল,
না জানি হায় কোন্ অভাগীর প্রাণের এ সম্বল।

特

শুদ্ধ ঝোরায় বর্ষা নৃতন জাগালে সোরগোল
শুন্তে আবার পেলাম কানে মধুর 'মা' 'মা' বোল।
পরের ছেলে আপন ক'রে আনন্দে ভাসি,
'তাই' দিয়ে সে নৃত্য করে বাজায় গো বাঁশী।
দিনে দিনে বাড়ে দামাল ছুলাল সে আমার;
ধ'রে বুনো চামরী গাই ছগ্দ পিয়ে তার!
উঁচু ডালে টাঙাই কটি পাড়ে সে কেটে
এম্নি ক'রে তাগ শেখে আর ক্ষুধা তার মেটে।
কাল্সারে সে শীকার করে ধ'রে ধ্রুর্বাণ
ছেলের দলে দলপতি, ভারি তাহার মান।

এম্নি ক'রে চৌদ্দ বছর এসেছে গেছে,
ক্ষুদ্র শিশু জোয়ান্ হ'রে মরদ হয়েছে!
দ্রুত্তর সঙ্গে শীকারে যায় লুটতে সে যার গাঁ,
লুটতে যেতে বারণ করি বারণ মানে না।
আমার শঙ্কা যায় যদি সে আর্য্য-পত্তনে
চিন্তে পেরে রাখবে ধরে মোর জীবন-ধনে।
কিস্তু আমার ভাগ্যে ছিল দ্বিগুণ হাহাকার
লুটতে গিয়ে টুটল জীবন ফিরল না সে আর।
জ্ঞাতির হাতে জাতির বাণে প্রাণ দিয়েছে, হায়,
নাড়ি-ছেঁড়া নয় সে, তব্, ভুল্তে নারি তার।

আজকে বাছা তোমায় দেখে পড়ছে মনে সন,—
তেম্নি বরণ তেম্নি ধরণ, তেম্নি অবয়ব।
তোমায় দেখে জাগছে আমার স্থু মমতা,
আঁখি-জলে আর্দ্র কত বিস্মৃত কথা।
পরের ছেলে ঘরে এসে দখল ক'রে কোল
বাধিয়ে গেছে পাহাড়-দেশে বিষম গণ্ডগোল।
যুচিয়ে গেছে আমার মনে ঘরের পরের ভেদ
কাঁদিয়ে শেষে পালিয়ে গেছে এই সে আমার খেদ।
তাহার কথা পড়লে মনে যাই ভুলে আর সব,
যাই গো ভুলে আর্য্য-জাতির সকল উপদ্রব।

#### তুলির লিখন

তার মু'খানি জাগল মনে তোমার মুখ দেখে
তাই বাঁচাতে চাই বাছারে! বলির হাত থেকে।
তোমার গায়ে লাগ্লে গাঁচড় সইবে না প্রাণে,
যাও চলে যাও রাতে রাতে ইচ্ছা যেখানে।
লতার বাঁধন দিইছি খুলে, মুক্ত গুহার দার,
চাঁদ ডুবিতে বিলম্ব ঢের, শঙ্কা কি তোমার ?
কুকুর আমার পথ দেখাবে সঙ্গে এরে নাও,
শাদা তোমার ছাগল-জোড়ার পিঠে বোঝাই দাও।
পাতা-ছাড়া সোমের জাঁটা সোনার সমতুল
যত খুমী যাও নিয়ে যাও আস্ত আছে মূল।
শক্টিকা—থাক্ সে পড়ে শব্দ হবে জোর।
ছই ছাগলে বইবে তোমার যজ্ঞ-লতার ডোর।

তবে যদি ইচ্ছে কর—মনেতে হয় সাধ
শকটথানি ভরে নিলে হয় যদি আহলাদ;
তাই নে বাছা, মানা আমি করব না তাতে
আজুকে আমার সাধ হয়েছে ইচ্ছা পূরাতে।
দাও শকটে লতার বোঝাই পত্র ছাড়ানো
পড়লে ধরা শক্ত তোমার নয়কো এড়ানো।
শাদা ছাগের শকট হাঁকাও শুক্ল এ রাতে,
শঙ্কটে কি শঙ্কা ? আমি ধরব সে মাথে।

কৃষ্লে কেহ এই বলিলেই য। বি রে বেঁচে,—
"জেহুর বহিন্ কুৎসী আমায় ছেলে বলেছে।"
কুকুর আমার রইল সাথে চিন্বে সকলে,
বাঁধতে সাহস করবে না কেউ তোমায় শিকলে।
ভায়ের সঙ্গে বোঝাপড়া যা হয় তা হবে,—
শৃহ্য জীবন মরণে ভয় করে বা কবে?
কুৎসী কারেও ভয় করেনা ভারি সে তেজা,
(ওরে) যাবার বেলা তারে শুধু 'মা' বোল্ বলে যা'॥

## পরিব্রাজক

হয় নাই পাপ-দেশনার শেষ সজ্য-বোধি-স্বামী! দাঁড়াও দাঁড়াও আমার পাপের নির্দেশ করি আমি। কর্ম বাকের ওগো আচার্য্য ! আমি প্রদেশবাসী, আসিয়াছি হেথা বোধি-বুক্লের দরশন অভিলাষী। যদিও শ্রমণ তবু পরিয়াছি গৃহীর শুভ্র বেশ, উপসম্পদা লইবার আগে করি পাপ নির্দেশ। চীন দেশ হতে যাত্রা করিয়া যাত্রী উড়ুপে চড়ি' আসিতেছিলাম হু'জন শ্রমণ একই মঠ হতে, মরি।

ঝড় ছিলনাক, ঝঞ্চা ছিল না, আকাশ স্থনিৰ্মল, নীল পাথারের শান্ত বিথারে তরী শুধু চঞ্চল। দিনের অন্তে আসিতেছে নিশি, নিশির অস্তে দিন, তুঁত পাথরের বিপুল কোটা नील कि फिक नीन। কত বন্দরে লঙ্গর করি আহরি' খাভ পান বঙ্গ-সাগরে পৌছিল 'উড়ি' যাত্ৰীতে কানে কান। সহসা একদ। হুর্য্যোগ এল মৃত্যু-যোগের মত, ভেঙে যায় বুঝি ঢেউয়ের পীড়নে উড়ুপ ঝঞ্চাহত। মসীময় মেঘে জটা পাকাইয়া স্তম্ভ নামিল জলে, জীবন মরণ হিন্দোলা দোলে তুফানে নভস্তলে। তবু ডুবিল না ক্ষুদ্র উড়ুপ দূরে গেল কাল নিশা,

Contract of the second

থামিল বাত্যা; মাঝিরা দেখিল হারায়ে ফেলেছে দিশা। বিপথে চলিতে ডোবা পাহাড়ের চূড়ায় চিরিল তল, দেখিতে দেখিতে উড়ুপ ভরিয়া উঠিতে লাগিল জল। र'ल विख्वल यां जीत प्रन স্দার মাঝি তবে হুকুম করিল "বোঝাই কমাও, মাল ফেলে দিতে হবে।" থলিয়া-বোঝাই নারিকেল টানি মাল্লারা ফেলে জলে ঝাঁপ দিয়া তাহা ধরি কেহ কেহ সাঁতারে বুকের বলে! হাঙরে ধরিয়া লইল কাহারে আসিয়া অতর্কিতে, তর্ক বচসা কানার রোল গোল ওঠে চারিভিতে। জল দেচি' জল রোখা নাহি যায়, সহসা দেখিলু একি! আরেক উড়ুপ আসে ক্রত বেগে মোদের বিপদ দেখি'।

যাত্রীর দল করে কোলাহল বাঁচিবার ভরসায়, মোরা দোঁহে জপি' বুদ্ধের নাম পাথরের ছবি প্রায়। নৌকা ভিড়িল নৌকার গায়ে, আমাদের মাঝি তবে কহিল "হুজন শ্রমণ হেথায়, আগে তুলে নিতে হবে।" এই কথা শুনি সঙ্গী আমার শাস্ত হু'অঁ†খি মেলি কহিল মাঝিরে "আমি যেতে নারি একটি প্রাণীরে ফেলি', সব याजीत ठाँटे रय यि "আমি যাব সব শেষে।" কহিল আমার সজ্য-সুহৃদ্ ভয়-হারা হাসি হেসে। মনের গাঁধারে জ্যোতি পেমু আমি শুনিয়া তাহার বাণী: মাঝি কহে "প্রভু, তোমারে বাঁচানো পরম পুণ্য মানি।" যাত্রী অনেক মিলিয়া তখন মিনতি করিল কত,

#### তুলির লিখন

অটল রহিল বোধি-রক্ষিত অটল গিরির মত। ভরা নৌকাটি দেখিতে দেখিতে ভরিয়া হইল ভারি, ''আর হু'জনের হ'তে পারে ঠাই বেশী লোক নিতে নারি।" আবার মিনতি করিল মাঝিরা তুলিতে চাহিল কাঁধে; বাধা দিয়া মোর বন্ধু কহিল "ফেলিবি পাপের ফাঁদে ?" মাঝি কহে "সব যাত্ৰীরই প্রায় হল যে সংকুলান"; বন্ধু কহিল "দেখা যাবে শেনে,— সব শেষে মোর স্থান। জানিস্ নে তোরা ?…বুদ্ধ গামার করুণার অবতার निथिन कीरतरत मूक ना मिथ মন পূরিবে না তাঁর। নিৰ্বাণ-পদ সবাই না পেলে নাই তাঁর নির্ববাণ, তাই যুগে যুগে আনাগোনা তাঁর হয় নাই অবসান।

মোর জীবনের মূল্য অধিক হ'ল কিরে তাঁর চেয়ে ? ভগ্ন তরীতে মোরে দেখা দিবে ভাঙ্গা নৌকার নেয়ে। বুদ্ধদেবের উপাসক আমি গ্রাহ্য করি না প্রাণ।" 'হায়,' 'হায়,' করে যাত্রীর দল মাঝিরা মুহুমান। বুদ্ধের প্রিয় ভক্ত তখন মোরে কহিলেন চুপে "একজন যাওয়া চাই বোধিমূ<mark>লে</mark> চাই যাওয়া কোনোরূপে। পূজা-উপচার আমাদের হাতে লোকে যাহা দেছে সংপ পেঁচছিয়া দেওয়া চাই যে সে সব ্বোধি-তরু-মণ্ডপে। তুমি যাও ভাই ওঠ নৌকায় পূজা-সামগ্ৰী লয়ে।" বিপদে-বিমৃঢ় আমি তার পানে চাহিলাম বিশ্বয়ে। কহিলাম তারে "সে কি হ'তে পারে ? হেখায় রহিব আমি,

তুমি লয়ে যাও পূজা-উপচার ওগো নিৰ্ববাণ-কামী।" তর্ক চলিছে চুইজনে, হোথা নৌকা ভরিছে জলে: মাঝিরা ডাকিছে, আকুল পরাণ গুমরিছে হিয়া-তলে। শেষে কহিল সে "এরা তো বণিক নেমে যাবে ঠাই ঠাই তীৰ্থ অবধি যাইতে বন্ধ তুমি ছাড়া কেহ নাই। ইহাদের গপি পূজা-উপচার হব কি পাপের ভাগী ? আমি ক্ষীণ; পথে মারা যেতে পারি, বুদ্ধের অনুরাগী, যাও তুমি।" আর ঠেলিতে 'নারিনু উঠিন্থ তরীতে গিয়া, আত্মার এ আত্মারে মুম শত ধিকার দিয়া।

বিশ্বাস কর, উঠিন্ন তরীতে, ছিল বা প্রাণের স্পৃহা : মনে প্রবোধির --পূজা-সামগ্রী-কৰ্ত্তব্য যে ইহা— পৌছিয়া দেওয়া বোধিমণ্ডপে নহিলে সত্যহানি,— লোকেদের কাছে,—যারা দেছে সব মোদের ধর্মী মানি'। উঠিতু ভরীতে মন্থর পদে ল্লান মুখে নতশিরে মরণের মুখে এড়িয়া আমার দোসর সঙ্গীটিরে। নাই তিল ঠাই নৃতন উড়ুপে ছুবু ছুবু যেন করে। সবার দৃষ্টি লগ্ন এখন ভগ্ন তরীর 'পরে। সকলেই প্রায় এসেছে এ নায় বন্ধু আসে নি মম, ঢেউ নাচে ঘিরি ভগ তরণী শূতা শাশান সম। নিৰ্শেঘ নভ, সূৰ্য্য হাসিছে, ধীরে ধীরে তরী ডোবে, ধিকারে মন বিরস আমার বিষাইয়া উঠে কোভে।

টেউ চলে ভাঙা তরী ডিন্সাইয়া জলে পরিপূর করি',' তবু অবিচল বৃদ্ধ-ভকত অমিতাভ দেবে শ্মরি'!

\*

হাহাকার করি' উঠিল সহসা মাঝিরা ব্যাকুল হ'য়ে গেছে ডুবে গেছে ছিদ্র তরণী বন্ধুরে মোর লয়ে। সেই ছবি আমি চক্ষে দেখেছি মরিতে পারি নি সাথে. বহু বরণের দোসরে গগৈছি তরঙ্গ-সজ্যাতে। বিশাস কর তোমরা সবাই निष्कत्त पिरवृष्टि काँकि. বাঁচিবার লোভ ছিল তলে তলে মনকে ঠেরেছি জাখি। ছিল মনে মনে তীর্থের লোভ ছিল সে লোভের ছল,— লোভ—দেশে লয়ে যাইব বোধির ঝরা পাতা ঝরা ফল,

পাব প্রশংসা ইহলোকে আর
পুণ্য সে পরলোকে,—
এই সব ছিল মনের গোপনে;—

পড়েনি মনের চোখে।
বাঁচাতে হয় তো পারিতাম,...বেশী
চেফা করিনি তবু;
বাঁচাতে পারিনি,...এ শোচনা মোর
জীবনে যাবে না কভু

নীল পানি ছাড়ি নৌকা ক্রমশ
পৌছিল কালাপানি,
কাল ব্যাধি দেখা দিল নৌকায়,
পীড়িতেরে জলে টানি'
চাহিল সকলে ফেলে দিতে, রোগত সংক্রমণের ভয়ে;
ব্যাধিতের সাখী রুবিল তা শুনি'
কিছুতে সে রাজী নহে।
বেশী বকাবকি করিতে, শুনিমু
কহে সে দৃঢ়স্বরে
"যতখন দেহে প্রাণ আছে ওর
রাখিব নৌকা পরে,

ও আমার বহুদিনের ভূত্য বন্ধু বলিলে হয়; জ্যান্ত থাকিতে জলে ফেলে দিব ? আমি তো শ্রমণ নয়।" আমারে লক্ষ্য করি' সে কহিল: ধিকৃত আমি, হায়। চক্ষু খুলিল, বন্ধুঘাতীর গোপন স্বরূপ ভায়। ভূত্যের লাগি' এ যাহা করিছে আমি দোসরের তরে করি নাই তাহা, অকৃত আমি গ্লানিতে হৃদয় ভরে। লয়ে প্রব্রজ্যা পশিনু যথন শ্রীমহা-সজ্বারামে, তারে গেয়েছিত্ব দোসর আমার কামী নিৰ্ব্বাণ-কামে। অকুল সাগরে ভেলার ভাগটি সে মোরে দিয়েছে ছেড়ে, আমি মহাপাপী, শোচনার শেল কলিজা ফেলিছে ফেড়ে। এই আমি, হায়, সঙ্গে থাকিতে পথের পথিক এনে

রোগের চর্য্যা করিয়াছি সেবা মরণ ভুচ্ছ মেনে, ঝড়ের সময় বাহির হতাম না মানি বাজের হানা, যতনে বাঁচাতে ঝড়ে নীড়-হারা অপটু পাখীর ছানা। করুণা-ধর্ম্ম-অবতারে স্মরি ঝড়ে-ভাঙা ডাল যত আনিতাম বহি' প্রম্ যতনে আহত জীবের মত;— রাথিয়া দিতাম সলিল-কুণ্ডে সরসি' পুষ্প-পাতা সাধ্য-মতন করিয়াছি আমি মোচন তাদেরও ব্যথা। শেষৈ আমা হ'তে হ'ল এই কাজ! হায় রে দারুণ হিয়া! শোচনায় নিজ শাশ্রু চিবালি অশ্রু আপন পিয়া।

তবু চিরদিন হেন উদাসীন

ছিল না আমার মন,

C'

#### তুলির লিখন

দোসর তথন প্রাণের সোসর ভাই হ'তে সে আপন। বন্ধুরে আমি বন্ধু জানি নি জেনেছি মনের মিতা. স্থ্য ধনের যক্ষ ছিলাম আজ বুঝাইব কি তা' ? ছিল প্রেমিকের আগ্রহ তায় প্রেমিকের অভিমান! তফাৎ ছিল না প্রেমে ও সখ্যে, স্থ্য আমার প্রাণ। তবু ভাল নয় বন্ধু-ভাগ্য, যাদের টেনেছি বুকে সাপের মতন দংশন করি' গেছে অয়ান মুখে। বণিকের কুলে জন্ম আমার, আমার ভাগোদেয়ে দূরে সরে গেল কপট বন্ধু ঈর্ষার জ্বালা লয়ে। মিথ্যা আচার কেহ বা করিল, ফাঁকি দিতে গেল কেহ, মনে হ'ল শর-শ্য্যার মত জীবন,—মৰ্ত্য-গেহ।

ভালবাসিলাম, —অন্তর-সুধা উজাড় করিয়া দিয়া, মনে হ'ল মন তাজা হল তার নয়ন-কিরণ পিয়া। একটি চাহনি লাখ টাকা গণি, একটু গোপন হাসি মণি-বণিকের শ্রেষ্ঠ মাণিক হতে সে অধিক বাসি। পূজার অর্গ্য সঁপি' তারে হই . বেশী খুসী তার চেয়ে; নিজের বাহিরে অতুল তৃপ্তি,— অমূতে উঠিনু নেয়ে। হ্বাংহো নদীর সেতুর নিম্নে হ'ল সঙ্কেত-ঠাই, মিলনের বেলা বয়ে যায়, তবু প্রেয়সীর দেখা নাই! নদীতে জোয়ার এল অলক্যো ফুলিয়া উঠিল জল, তবু দাঁড়াইয়া তাহার আশায়

রয়েছি অচঞ্চল।

ভূবে গেল জাতু, ডুবিল কোমর বিখাস মনে তব্,— আসিবে ! আসিবে ! ভাল যে বেসেছে মিছা সে বলে না কভু। সহসা অদূরে নৌকার 'পরে দেখিতু সেই সে নারী, নূতন বন্ধু-সঙ্গে চলেছে মশ্গুল্ তারা ভারি ! আমারে দেখিতে পেল না, কিন্তু আমি দেখিলাম সব, আহত হৃদ্য় নিমেষে হেরিল ছলনার তাণ্ডব। উদার প্রণয় সব ত্রুটি সয় সহে না মিখ্যাচার, প্রেমে যদি লাগে ছলের নাতাস তখনি মৃত্যু তার। বাহির হইন্থ সংসার ত্যজি' পরি বিরাগের বেশ, नके वक्, जरु श्राप्त, অন্তর-ভরা ক্রেশ। **সঙ্গে পশিন্তু পাশরিতে যত** জীবনের ভুলচুক;

মন তবু, হায়, অমুরাগে রাঙা ;— ভাবিনু জীবের তুখ— ক্ষিব মোচন সাধ্য-মতন রহি' সজের মাঝে, লভিব তৃপ্তি অনঘ-দীপ্তি , আতুর সেবার কাজে। ছডায়ে দিলাম অনেকের মাঝে প্রাণের মমতা স্নেহ, কেন্দ্ৰ-বিহীন প্রেমের চক্র নয় আরামের গেহ। ব্যক্তি-বিহীন প্রেমের চর্চ্চা নয় গো সহজ নয় অনেকের দাবী পূরাতে ফুরায় হাদুরের সঞ্চয়। আমার হৃদয়-পাত্রটি ছোট অন্ন তাহাতে জল, একের তৃষ্ণ হয় তো মিটিত বহুতে সে নিশ্বল। ব্যথার চর্য্যা করিতে করিতে ব্যথিতেরে গেমু ভুলি' মনে মনে মন শুকাল কখন,— হ'য়ে গেল ষেন ধূলি।

মূক হ'রে গেডু মৌন-দেবায় জীবনের মাঝখানে, কোনো স্থুখ তুখ উৎস্কুক যেন করে না তেমন প্রাণে। সব উচ্চ্যাস-প্রকাশ নিরোধি' বেঁচে আছি উদাসীন যারে স্নেহ করি প্রকাশ-অভাবে সেও ভাবে স্বেহহীন। কে যেন কুহকী করেছে উদায় উদাসীন মন্তরে বাহিরে ভস্ম ভূষণ আমার অ হুরাগ অন্তরে। প্রকাশিতে নারি প্রাণের আকুতি জীবনে আমার ধিক্, মুনি হ'তে গিয়ে বিমৃত্ হয়েছি এমনি হওয়া কি ঠিক ? শ্রমণের রীতি মনটিকে করা স্থথে ছথে অবিচল,— কুশল প্রশ্নে নাই অধিকার, — সে বিধির এই ফল। তার ফল এই আমার মতন কৃৰ্ম-কঠিন মন,

তার ফল এই অতি নিদারুণ বন্ধু বিসর্জ্জন।

36

কূলে পৌছেছি, ভারতে এসেছি, এসেছি তীর্থে মম. পূজা-উপচার বহিয়া এনেছি ভারবাহী বৃষ সম। তীর্থে এলাম, তবু এ মনের গেল না মনস্তাপ, মার্জনাহীন দারুণ কঠিন এ চুর্জ্জনের পাপ। চক্ষে দেখিতু পুণ্য বৃক্ষ গেলনা মনের ব্যথা, কী হবে আমার ত্রি-চীবর বাস বন-খেজুরের ছাতা ? সান্ত্ৰনা শুধু—খালাস হয়েছি গ্যস্ত ভারের দায়। উপাসক যত পাঠায়েছে পূজা পৌছিয়া দিছি তায়! রত্ন-থচিত ভিক্ষা-পাত্র চীন-ভূপতির দান;

'চে-শা'— চাঁদমালা—চন্দন-রেণু পাঠায়েছে লুন্ সান্। শোভন চো-চীন—চীনা লগ্ন, ছ-মুখো মোমের বাতি, মহাথেরদের কটিপট এ পাঠায়েছে চীনা তাঁতি। তুঁত-পাণরের কোঁটা, কলস, ভিক্স-হাড়ের বাঁশী, কার-কাজকরা দারুরয় পাখা আনিয়াছি রাশি রাশি। উপাসকদের ভক্তির দান এনেছি মাথায় করি',---কোথা তম্লুক কোথা বোধ-গয়া সকল কফ বরি'। তবুও হয়নি প্রায়শ্চিত্ত, পাপে বিমলিন আমি, ওগো প্রভু! মহাসজারাজন্! সঙ্গ-বোধি-স্বামী! বন্ধুঘাতী এ বিদেশী পাতকী, পাতকে বিদ্ধ হিয়া. উপসম্পদা কেমনে লইবে বোধিতরুমূলে গিয়া 🎅

পাপে বিমলিন মৈত্রীবিহীন
মলিন হুঃখে শোকে,
ধাতু-গর্ভ এ স্কৃপ পবিত্র

দেখিতে পাব কি চোখে
স্থাতের পূত দন্ত-ধাতুর
সমুখে যাবনা আমি,
দগ্ধ হইব—পরাণে মরিব—
সঞ্জ-বোধি-স্বামী!

## বাজশ্রবা

ব্যর্থ **হ'ল, পণ্ড হ'ল স**ব, হত পুত্র, বিনষ্ট গোরব ; ইহ পরকালে পরাভব।

কোন্ সূত্রে প্রবেশিল পাপ,— নাহি জানি কার অভিশাপ, মন প্রাণ দহে য়নস্তাপ।

ছর্ভিক্ষে করিয়া অল্পদাস বেড়েছিল যে বংশের মান আজি তার সব অবসান।

দক্ষিণাস্ত হ'ল না যজের, হায়! কিবা প্রায়শ্চিত্ত এর ? হাদে জ্বলে আগুন ক্ষোভের। কৃচ্ছ অতিকৃচ্ছ করি কত আপনারে করেছি সংযত তবু ব্যর্থ হয়ে গেল ব্রত।

হোতা, পোতা, উদ্যাতা, নেষ্টায় রক্ষিবারে নারিল চেষ্টায় ; স্বেচ্ছা হানি,—শুধু গ্লানি, হায়।

অলক্ষিতে কোন্ যাতুধান যজে মোর করে দৃষ্টি দান ? ক্রব্যাদ করিল হবি পান।

চিত্ত দহে, শান্তি কোথা পাই ? শ্মশ্রু ভঝি', অশ্রুজন খাই, অ-নন্দ নরকে মোর ঠাঁই।

অশ্রুপৃষ্ট মন্ম মোরে গ্রাদে, সহস্রাক্ষ রুদ্র হয়ে খাদে, মজিনু মজিনু সর্বানাশে।

বালক! অপ্রাপ্ত-প্রজনন! নচিকেতা! বংশের নন্দন! কেন তুই হইলি এমন ?

কেন রোষ জাগালি আমার—
বুথা প্রশ্ন তুলি বারম্বার ?
যজ্ঞগৃহে বাচাল ব্যাভার!

যজে মোর ছিল অথর্ব্বন্;— সে তো কিছু বলেনি বচন ; তোর একি কাণ্ড অশোভন ?

হার! হার! ঔরস সন্তান তো' হ'তে হইনু হতর্মান ; ব্যর্থ যজ্ঞ, কর্ম্ম, কাণ্ড, দান

অভিমানী! মরিলি আপনি
মোর কটু বাক্যে দুঃখ গণি;
হাদে শল্য অপিলি বাছনি!

মহাযাগ করি অনুষ্ঠান : ইচ্ছা ছিল লভিব সম্মান রাজা সম পুণ্য-কীর্ত্তিমান।

ব্রাহ্মণের যশোভাগ্য ক্ষীণ বাক্যে তোর শূঘ্যে হল লীন, লোকমাঝে হইনু রে হীন।

"বুড়া গরু দিয়ে দক্ষিণায় পুঁণ্য কেনা যায় না সস্তায়!" স্মরি এবে মরি যে লড্জায়।

রুজোচিত নহে মোর মন নাই নাই দাক্ষিণ্য তেমন, আমি বিপ্র কুপণ-কোপণ।

মজিমু চণ্ডাল নিজ কোপে,— নিখ'তির অঙ্কে তোরে ন'পে, হাহাকারে মরি বংশলোপে।

মন তোর কোন্ দূরে ধায়. ফিরে আয়, ওরে ফিরে আয়, পুষ্পকান্তি ঢাকে কালিমায়।

ওগো বহি ! শমী-সমুখিত ! বিদ্যাদগ্নি-সঙ্গে-সন্মিলিত ! হব্যে মোর হওনি কি প্রীত ?

সম্ভানের প্রাণদান চাই ওগো যম! নিয়মের ভাই! আশায় দিয়ো না মোর ছাই।

রোষ-বশে বলেছি যে কথা তুমি জান কী তার সত্যতা, ভাবগ্রাহী হে মোর দেবতা!

মোর বাক্যে পুত্রে নিলে মম! সত্যবাক্ নহি আমি, ক্ষম, মিথ্যাচারী আমি যে অধম। বুড়া গরু দিয়ে দক্ষিণাতে সপ্ত হোতা চেয়েছি ঠকাতে; বজ্রধর বজ্র হান' মাথে।

হে ইন্দ্র ! সম্রাট দেবতার ! সোমসিক্ত শাশ্রুতে তোমার ব্রাহ্মণের ঝরে অশ্রুধার।

ওগো কর ! সন্ধ্যা অভ্ৰ-ক্চি! শোকে দহি চিত্ত নহে শুচি, শেষ গ্লানি লও মম মুছি'।

উুরনাসা ! ওগো যমদূত ! হে লুকক ! কুকুর অদ্ভুত ! ফিরে এনে দাও মোর স্থৃত ।

পুত্র মম নয়ন-নন্দন, পুত্র মোর পুণাের লক্ষণ ; দে আমার নরক-মোচন।

সে নিষ্পাপ, নাহি গ্রানি লেশ, সত্যপথ করেছে নির্দ্দেশ ; কেন যম ধর তার কেশ ?

ওগো বহু! ওগো মরুদ্র্যণ সবে মিলি' ক'র' না পীড়ন, হব্যদাতা আমি গো ব্রাহ্মণ।

সোমলতা বহিতে যে লাগে—
বৃদ্ধ সেই বাদ্ধ্রীণস ছাগে—
যে করিয়া বধে সোমযাগে—

তেমনি কি বধিবে আমায় শাস ক্রধি' মুফ্ট্যাঘাতে ? হায়! সবে মিলি' শত যন্ত্রণায় ?

নষ্ট পুণ্য, পুত্রশোকে ঝুরি, অগোরব বক্ষে হানে ছুরি, অমুতাণে খায় মোরে কুরি'। ওগো সোম! অমৰ্ত্ত্য আসব! ব্যসনে যে ডুবিল উৎসব; ব্যৰ্থ হ'ল পণ্ড হ'ল সব।

উন্নপা! আজ্যপা! পিতৃগণ! উষ্ণ অশ্রুদলিলে তর্পণ করি আজ ঘুঃখাকুল মন।

পুত্র মোর কোন্ পাপে হায় পিতা-আগে পিতৃ-লোক পায় ? ফিরে তারে দাও করুণায়।

্রত ধরি' করি' উপবাস মিটায়েছি গণ্ডুষে তিয়াস। অনুশনে অশন বাতাস।

একাহারে গেছে কতদিন, কতদিন অন্নজলহীন, তবু পাপ হয়নি কি ক্ষীণ ?

উদ্ভান্ত করিছে মোরে শোকে,— শূদ্র সম কাঁদি,—দেখে লোকে, শ্রাবণের ধারা তুই চোখে।

নরকে অ-নন্দলোকে যাই,
পুণ্য নাই —পুত্র মোর নাই,
নাই কীর্ত্তি—টুটেছে বড়াই।

যজ্ঞে দিয়ে অশ্রহ্মার দান এ কি শাস্তি হ'ল গো বিধান— এক পাপে তাপ অফুরান্!

# রাজ-বন্দিনী

বহিন্! তুমি কাঁদিতে পার, তোমারে আমি করি না মানা, আমার হিয়া শুষ্ক আজি, আমার আঁখি কালা-কানা। সিন্ধপতি দাহির রাজা, তাঁহার মেয়ে আমরা দোঁহে, সে কথা তুমি ভুলিছ, হায়, তুচ্ছ তব প্রাণের মোহে ? की প्रांग नारा तराइ (वँराह स्म कथा किन स्वराज्य जूल, বন্দীকৃত, দেশচ্যুত, ভরসা আশা নাহিক মূলে। পড়ে কি মনে সিন্ধু দেশ ? পড়ে কি মনে পিতার গেহ ? পড়ে কি মনে দৈশের স্মৃতি, ভায়ের প্রীতি, মায়ের স্নেহ ? পড়ে কি মনে যোদ্ধ্যবেশে ভায়ের নারী রাজবধ্রে ? নির্বাসিতা! এখনো তোর প্রাণের মায়া শত্রুপুরে? বহিন্! মোরা হুর্ভাগিনী, নহিলে কেন এমন হবে ? যুদ্ধকালে পিতান্ন হাতী অহেতু কেন পালাবে তবে ? রাজার হাতী পালায় দেখি পালাল সেনা আতম্বেতে, গণ্ডগোলে পণ্ড সবি ; ক্ষেত মেরে কে লড়াই জেতে ? আহত রাজা ফিরান্ হাতী, কি হবে তাহে ? ভাগ্য বাম ; অহেতু আহা অগোরবে ডুবিয়া গেল হিন্দু নাম। ভাঙিয়া গেল দেউল-ধ্বজা, মরিল লোক অসংখ্য, ডুবিয়া গেল রাজ্য রাজা, রহিল শুধু কলঙ্ক।

আমরা নারী অস্ত্র ধরি কৃথি মু অরি দিন ছ'দিন, বহিন্! তাহা মনে কি পড়ে ? তুর্গ মাঝে খাছহীন তব্ও মোরা খুলিনি দ্বার সিন্ধু-মরু-সিংহিনী, আজিকে তোর মরিতে ভয় ? . হায় গো লাজ, বন্দিনী!

মনে কি পড়ে কাসিম শেষে বিপুল-ধুরো দূরন্দাজে তুর্গ ভেঙে বন্দি করি লইল সবে শিবির মাঝে ? মরিতে মোরা চাহিয়াছিনু ধরম-ভয়ে অবলা নারী, ভাগ্যে আছে অন্যবিধ, মোরা কি হায় মরিতে পারি ? বিদেশ দেখা ভাগ্যে ছিল তাইতে বুঝি কাসিম আলি পাঠাল প্রভুতক্ত জীব প্রভুর পাশে ভেটের ডালি। भारत वीत्रथनां यूभी छिल एम मत्न वीर्याचान् হুকুম দিল তাই সে কড়া "হয় না যেন অসম্মান। এদের দোঁহে পোঁছে দেবে দামাস্কাসের রংমহলে রাজার মেয়ে ইহারা রাজভোগ্যা শুধু ভূমণ্ডলে। রহিব আমি হিন্দুভূমে, রহিব হেখা পড়িয়া কারে, করিতে হবে সায়েস্তা যে নৃতন এই মহলটারে।" উঠিল ডেরা চলিমু মোরা ভারত ত্যজি জন্মশোধ, সময় হাতে পাইনু বলি চুথের মাঝে হর্ষবোধ। উটের পিঠে উঠিত্ব হায়, তিতিয়া দোঁহে অশ্রুজলে প্রতিশোধের গুপ্ত ছুরি রহিল ঢাকা আভিয়া-তলে।

হুজুরে যবে হাজির হুমু কালিফ ছঁটো-মোচ মুচড়ি কাশিল কিবা ভাষিল, হেসে লইল খুলে হাতের কড়ি, বুঝায়ে দিল ইঙ্গিতে সে, 'খাসমহলে মোদের ডেরা' অপমানের আসূন কিবা রয়েছে পাতা আরাম-খেরা। শিহরি যেন উঠিল তন্তু, বুকের ধারা গেল সে থামি, অশুচি যেন নিশাসে তার অধীর হয়ে উঠিতু আমি। মিথ্যা বলা শিখিনি কভু, কে যেন মোরে বলাল তবু সগ্য-খোলা হু'হাত জুড়ি' কহিনু তবে 'স্বামিন্! প্রভু! আমরা নহি যোগ্য তব ;—কি বলে করি আর্জ্জি পেশ ; প্রভুর ভোগে লাগে কি কভু ভৃত্যজন ভুক্তশেষ ? আমরা নারী, সরমে মোরা সকল কথা বলিতে নারি,— ত্রঃসাহদী কাদিম মিঞা, সাহদ তার বেড়েছে ভারি, সিন্ধু-জয়ে গর্বিবত সে, আগে সে ভরে নিজের পেট, অধিক আর বলিব কিবা ? বলিতে মাথা হয় যে হেঁট। সিকু জয়ে গর্বিবত সে, একে সে যুবা, প্রবল তায়, রূপের আগে লোলুপ হিয়া প্রভুর দাবী ভুলিয়া যায়।" কামড়ি' দাড়ি' দন্তে কোভে কালিফ কহে গৰ্জি তবে "চাকর দাগাবাজ হয়েছে, উচিত সাজা ইহার হবে। উজীর! আনো হুকুমনামা, পাঠাও চিঠি সিন্ধু দেশে— কাসিমটারে দিক পাঠায়ে আমার পায়ে বন্দী-বেশে। কিম্বা...হা ! হা !...তাহার চেয়ে সিঞায়ে কাঁচা গোচর্ম্বেতে ুদিক্ পাঠায়ে গোচরে মম ধিক্-জীবিতে প্রাণ না যেতে;

#### जूलित लिथन

পীর সে কাঁচা-সিন্ধি-লোভী—কাঁচার ক্ষুধা তাহার আজি ; শুকায়ে কাঁচা ধরিলে এঁটে কাঁচার মজা বুঝিবে পাজী।" স্তব্ধ হয়ে বহিল দবে প্রতিবাদের সাহস নাহি, বিকৃত করে বিকট মুখ মোদের পানে বক্র চাহি। আমরা দোঁহে মহোল্লাসে জয়ের আশে পরস্পরে নীরবে হেরি উজল চোখে, বহিন্ তাহা মনে কি পড়ে ?

অবলা করি গড়িল বিধি, তাই নারীরে দিল সে ছল, বল নাহিক বাহুতে যার তাহার চির ছলনা বল। কহিনু কি যে করিনু কি যে ভাবিয়া ঠিক করিনি আগে, বাঁচিয়া গেন্থ লালচ্-গাঁচে এই কথাটি চিত্তে জাগে। ভাতিবে কোথা ইচ্ছা মম স্বয়ম্বরে মাল্যরূপে, তাহা না হয়ে রাজার মেয়ে ডুবিব কার কামের কূপে ? বাঁচিয়া গেনু, বাঁচিয়া গেনু; কে কোথা মরে ভাবিতে নারি, সত্যে আমি প্রণাম করি, মিথ্যা মম লজ্জাহারী। মিথ্যা হ'ল মুক্তিদাতা, মিথ্যা হ'ল ভয়ত্রাতা, সত্য আছে হাত গুটায়ে, আছে কি নাই জানিও না তা। সত্য কিবা ? মিথ্যা কিবা ? দেবতা কই ? ধর্ম কোখা ? ধাতুশিলার মূর্ত্তি যত,—ওরা কি মোর স্তুতির শ্রোতা ? গাধার পিঠে কাসিম যবে ফ্রেচ্ছ দেশে পাঠাল দবে,— চারিটা করে আছে তো হাত, রুখিতে কেন নারিল তবে। 96

দেউলে ধ্বজা পড়িল টুটে, যবন ছুঁল বিগ্রহে রে,—
দেউলে যদি দেবতা থাকে এ অনাচার কেমনে হেরে ?
হাতীর ভুলে ডুবিল জাতি, অর্থ এর কোথায় মেলে ;
বহিন্! তুমি কীদিতে পার, আমি তো বাঁচি মরিতে পেলে।

সত্য গেছে অতলে ডুবে, মিখ্যা সে যে হয়েছে জয়ী, দেশের রাহু কাসিম মৃত, আজ মরিতে কাতর নহি। খবর দিল কালিফ নিজে; উঠিনু হেদে; হাসিব নাক'? কহিমু "মিঞা-! মূর্থ তুমি, নারীর আগে কী বল রাখ ? নিরপরাধী কাঁসিম আলি, ছোঁয়নি মম কেশেরও কণা, তারে নিহত করিলে তুমি ? বুঝিতে নার প্রবঞ্চনা ? কেমন ক'রে রাজ্য রাখ ? রাজন্! তুমি মূর্থ অতি; ক।টিলে নিজ ডাহিন বাহু ; বিধাতা বাম তোমারও প্রতি।" ক্ষেপিয়া গেল কালিফ যেন কঠোর মোর টিট্কারিতে, তংক্ষণাংই হুকুম দিল হাতে ও গলে শিকল দিতে। ঘোড়ার ল্যাজে বাঁধিয়া দোঁহে সেই ঘোড়া সে ছুট্ করাবে, চুর্ণ হবে অস্থি যত পথের ধূলে পরাণ যাবে। এই তো সাজা ! রাজার মেয়ে ! পথে জীবন যাবে টুটে , মোদের লোহে মরুভূমের ধূলে গোলাপ উঠ্বে ফুটে। আমার তাহে হুঃখ নাহি, বরং খুসী আমার মন, অনিচ্ছারি সোহাগ চেয়ে শ্রেয় মরণ-আলিঙ্গন।

বহিন্! তুমি নেহাৎ তীক্ষ, মোছ তোমার চোখের জল,
শক্র শুধু হাস্ছে দেখে, এখন কেঁদে কি আর ফল ?
কার করুণা চাও জাগাতে শক্র-পুরে নিঃসহায়,—
বাইরে তব চুর্বলতা প্রকাশ করে' কি ফল হায়!
মরিয়া গেছে পিতার অরি মোদেরি কূট কৌশলে;
জয়ের মালা মাথায় পরে' চল মরণ পায় দ'লে!
বহিন্! তুমি হৃদ্যু বাঁধ হিন্দু-রাজনন্দিনী,
মরণ জিনে মরিব মোরা সিক্র-মক্র-সিংহিনী॥

## যশ্মন্ত্

আমায় এরা পাগল বলে, কয় গো দেওয়ানা ! শাহান্ শাহা ! আস্তে ব'লে আজ কেন মানা ? গরীব আমি ছিলাম খুসী গরীব-আনাতে, তোমার কাছে নিজের কথা যাইনি জানাতে। অড়র কাঠের কয়লা দিয়ে পথের ছু' পাশে প্রাচীর-গায়ে পট আঁকিতাম, ছিলাম উল্লাসে। হাওদা হ'তে দেখ্তে পেয়ে থামালে হাতী মেহেরবানী বহুৎ তোমার মোগলের নাতি। নক্না দেখে আঁপনি তুমি তুষলে বখ্শিসে, দেওয়ান-খাসে ঠাঁই দিলে হে গুণীর মজলিসে। তুলির খেলা দেখে 'সাবাস্' ওস্তাদে বলে আদ্রা দেখে আদর ক'রে ঠাই দিলে দলে। এঁকে দিলাম তোমার ছবি দরবারে এসে নও রতনের সভার মাঝে দরবারী বেশে। আমায় তুমি সঙ্গে ক'রে দরবারে দাও বার, নক্সা দেখে নক্সা আঁকি বেগম-সাহেবার। হঠাৎ কে কি চুক্লি খেলে আমার আড়ালে, চুক্ ছিল না হায় গো তবু শিক্লি পরালে !

আয়ী গো! তোর পায় পড়ি গো, শিকলি দে খুলে আঁক্ব না তোর বরের দাড়ি আমি আর মূলে। পৰ্দা-নিশিন্ বাদ্শাজাদী রংমহলে বাস, তাতার নারী ছায় পাহারা হাব্সী ক্রীতদাস। নক্সা নিজের আঁকিয়ে নিতে হ'য়েছে তার সাধ, ঠেঁটে হটি 'মিন্' আল্তা-লেখা, চোখ্ হটি তার 'সাদ্': বাদশা বলেন যাও, 'যশোমন্ত্! বিশ্বাসী তুমি,' थूनी र'रा कति मिलाम न्यानियां ভृमि। হুজুর বলেন "বাদ্শাজাদী থাক্বে ঝরোখায়, नीन यभूनां प्र পড़रव ছाग्ना,—रमथ्रव रुधू छात्र। ছায়া দেখে আঁকবে ছবি বরণ-তুলিতে পারবেনাক উপর পানে নয়ন তুলিতে। থেয়াল রেখ, দেখ যেন হয় নাকো ভুলচুক।" আমি ভাবি, না জানি তার কেমন মিঠে মুখ!

জলের ভিতর পোস্তা-গাঁথা বুরুজ উঠেছে,—
শিল্পীজনের স্পর্শে শিলায় পুষ্প ফুটেছে।
নৌকা আমার লাগ্ল এসে প্রাসাদম্লেতে,
জলের কলভাষণ শুনি মনের ভুলেতে।
দোলা দিয়ে জল চ'লে যায় নায়ের ত্র'পাশে
কোন্ সে পরীর পরশ-মদে তরল রূপা সে!

আচম্বিতে পর্দ্দা সরে অন্ধ ঝরোখার,— পারিজাতের পুষ্প ফুটে বক্ষে যমুনার! আয়না ধরি' নৌকা পরে দেখ্ব কি তারে ? জলের ছায়ায় তিয়াস কারো মিট্তে কি পারে ? আফসানিয়া কাগজ সে কই ?—সোনা-ছিটানো ? নীচু মাথ। ঝুঁ কিয়ে পাগল! কী তুলি টানো ? ফিস্ফিসিয়ে কয় কে কানে — রূপ কি স্তুর্গভ! উপর পানে দেখ্রে,—না হয় বল্বে বেয়াদব। विद्यारक मिन् ठम्रक शिष्ट— खिलि हि एएरा ! नूकित्य रान वान्गाजामी आत्नाय मिक् ছ्राः কৃষ্ণ স্বরে সেপাই হঠাৎ হাঁকে 'খবর্দ্দার !' আফ্শোষে হায় হৃদয় শুকায় সংজ্ঞানাই গো আর। নীচু মাথা নীচু করেই এসেছি ফিরে। তুলির লেখা লিখ্তে আমার বুকের রুধিরে।

পথে পথে বেড়াই যুরে দরবারে না যাই,
যেথায় থূসী 'বাদ্শাজাদী!' 'বাদ্শাজাদী!' গাই!
বাদ্শাজাদী কেবল আঁকি মনের থেয়ালে,
দুর্গ-ভিতে দিল্লী জুড়ে পথের দেয়ালে।
এই কসুরে বাদ্শা! আমায় শিকল পরালে
বাজ পাথী হে! করলে জথম্ থাম্থা মরালে।

আস্মানে চাঁদ সবাই দেখে বারণ নাহি ভায়
দেখলে চোখে চাঁদের মালিক শিকল না প্রায়।
চাঁদের পানে চাইতে আছে বাদ্শাজাদী গো!
তোমার পানে চাইতে মানা, ভাইতো কাঁদি গো।
তুমি চাঁদের চাইতে স্থদূর স্থার পেয়ালা!
চাঁদ উজলে তুনিয়া, তুমি দিল কর আলা!
তোমায় আমি আক্ব কোথায় মলিন মরতে,
আক্ব তোমায়, দেখ্ব আমার প্রাণের পরতে।
চুলের তুলি চোঁচের তুলি ছুঁইনে আঙুলে,
কাঠবিড়ালীর মোচের তুলি ধরিই নে মূলে।
হাতীর দাঁতে কাঁচকড়াতে আঁকব কিনা আর
দিল্লী জুড়ে দিলের খবর ব্যক্ত সে আমার।

চাঁদের কোণা ! দেখব তোমায়, পালিয়ে যেয়ো না, মনে লাগে, অমন করে জান্লা দিয়ো না। তুমি আমায় মনে মনে ভাবলে নীচু ? ছি ! কোমল মনে এমন দারুণ ভাবতে পার কি ? মারুষ বড় ! মারুষ ছোটো ! এম্নি কি ছোটো ? তোমরা না হয় পটের বিবি, আমরা সে পোটো। পাথোয়াজে সাজ পরানো মোর বাপদাদাদের কাজ, পয়জারে হাত লাগাই নে গো, মৃদক্ষে দিই সাজ। বিধি আমায় শিল্পী ক'রে দিলেন পাঠায়ে,
রূপের রঙের নেশায় কিসে উঠব কাটায়ে ?
ওই নেশাতেই আগুন বুকে ধরে জোনাকী,
বজ্রশিথায় তুচ্ছ মানে ফটিক-জল-পাখী।
মানুষ উঁচু, মানুষ নীচু,—শুন্তে না চাহি,
হায় রে সরম! কোথায় ধরম ? কোখায় ইলাহি ?
মানুষ ছোটো, মানুষ বড় এও কখনো হয়,
এক বিধাতার হাতের গড়ন, ছাঁচ তো তফাৎ নয়।
চুঃখ দিতে তোমরা দড় তাই কি বড় ? ভাই!
আগুমরা ছোটো সেই ছুখে যে পাগল হ'য়ে যাই।
বাদ্শা! আমার গর্দ্ধানা নাও; যাতনা এড়ি;
পাগল ব'লে মাক্ ক'রে পায় পরিয়ো না বেড়ী।

কাল্পেঁচাতে হাঁক্ছে প্রহর, সান্ত্রীরা ঘুম যায়,
মাকোষা জাল বৃন্ছে মোগল! তোমার ঝরোখায়।
মনের কথা মনেই কাঁদে মনের বিজনে,
মানুষ উঁচু মানুষ নীচু মেকীর ওজনে!
চোখের দেখা দেখতে শুধু জড়িয়েছি জালে।
দেখার তৃষা মিটাব,—তাঁও নাইক কপালে।
গুলিয়ে গেল মগজ, মনে কখন যে কি ঝোঁক্
আপনি কাঁদি আপনি হাসি, পাগল বলে লোক!

আয়ী ! আমায় ছেড়ে দেগো, করব না কিছু,
( শুধু) নীল যমুনার দেখ্ব গো জল, শির করে নীচু।
ডবল শিকল পরাস,—যদি উঁচু চোখে চাই,
নীল যমুনার জল দেখিতে বারণ তো ফই নাই॥

# হুৰ্ভাগা

চোথের জলে ডাকছি তোমায় ডাক্ছি জনম ভোর, শতেক তাপৈ তপ্ত আমি জীর্ণ জীবন মোর ; জগৎস্বামী! করতে হবে আমায় করুণা, স্বামী-সোহাগ-বঞ্চিতারে নিরাশ ক'র' না। প্রাণের ডাকে ডাক্লে, শুনি, ঠেল্তে নার যে, প্রাণের যোগে যুক্ত তুমি,—মৃণাল সরোজে; এস আমার পরাণ-পুটে আনন্দ অক্ষয়! ঠাকুর আঁমার, দয়ার ঠাকুর! প্রভু! দয়াময়! গোসাই গুরু চাইনে আমি পরের দালালি, পুরের দালালিতে কেবল কপালে কালি। পরের প্রামর্শেতে ধিক্, আপন করে প্র, দুই হৃদয়ের মধ্যে এসে করে স্বতন্তর। চাইনে আমি, চাইনে ওগো, পরের সুযুক্তি, আর যারি হোক্ আমার ওতে হবে না মুক্তি। ঠেকে শিখে এম্নি হ'য়ে গেছে আমার মন, নিজের ডাকে ডাকব তোমায়, ঠাকুর নিরঞ্জন!

পরের কাছে গোপন কথা জানিয়ে অকারণ, পর হ'য়ে মোর গেছেন স্বামী ব্যর্থ এ জীবন।

তোমার পায়ে জানাই প্রভু! হুখের কাহিনী সামী ছিলেন খোস্-থেয়ালী, কুলোক নন্ তিনি। পাঁজীর মতে লগ্ন ছিল, তবুও যে কেমন আমার পরে তেমন ক'রে লাগ্ল না তাঁর মন। মৌনে গেল মিলন-রাতি শুকিয়ে গেল মুখ, সোহাগ-কূপণতায় তাঁহার পেলাম মনে হুখ। অল্প তথন বয়স আমার, প্রথম ব্যথা সে,— জানিয়ে দিলাম যারে তারে কী এক হুতাশে। একটুখানি টানের কমী,—একটুকু গরমিল,— আপনি যেতে পারত সেরে হয় তো সে তিল তিল,— ইহার উহার কথার খোঁচায় উঠ্ল বেড়ে ঘা, আনাড়ীদের নাড়াচাড়ায় সারতে পেলে না; চুল সম চিড়্ বাড়ল চাড়ে, অদৃষ্টে কফ, कूँ दत्र कूँ दत्र भूँ हैदत्र आरुन रल दम श्रस्ते। মন না পেয়ে মনের কথা, হায় গো সব আগে জানাই নি মোর মন্-মানুষে ছঃখে ও রাগে; জানিয়েছিলাম নীচ দাসীরে এম্নি কুবুদ্ধি, জনম ভ'রে চলছে আমার সেই পাপের শুদ্ধি।

তৃটি মনের মনামুনি ঘটল না দেখে মা বোন্ বলেন "কেমনে বশ যায় করা একে ?" জুটল এসে মন্ত্র-জানা সাধু সন্ন্যাসী—
যাগের নামে টাকা নিয়ে ভাগল কেউ কাশী,
কেউ পরালে মাতুলি আর কেউ করালে জপ,
ঈশান কোণে পুঁতলে সরা, ব্যর্থ হল সব।
ছিটা ফোঁটা মন্ত্র ঘটা উঠল যেই বেড়ে,
একেবারে তফাং স্বামী হ'লেন ঘর ছেড়ে;
মনের কোণে যে খুঁৎ ছিল, সারত সে হয় তো,
পরস্পরের ঘনিষ্ঠতায়,—বিচিত্র নয় তো,—
মনের ডাকে ভাক্লে পরে মন হ'ত তার বশ,
ভাবের ঘরে, অভাব; শুধু বাড়ল অ-স্বরস।

ভুচ্ছ ধনের থাক্লে দাবী, নালিস চলে তার,
মনের দাবীর নাইক নালিস মিথ্যা হাহাকার;
কোন্ হাকিমে মনের পরে করতে পারে জোর
থোর-পোষের এ নয় গো দাবী স্নেহের ক্ল্ধা মোর।
কোন্ আদালত ডিক্রি জারি করবে গো চিত্তে,
কোন্ হাটে সে ধন পাওয়া যায় হায় গো কি বিতে।
মনের মালিক তফাং থাকে ভায় না সে ধরা,
কইলে কথা জবাব দিতে করেই না ছরা।
চোখে চোখে মিলন হ'লে অন্ত দিকে চায়,
জান্লা দিয়ে উদাস আঁথি কোথায় উড়ে যায়;

দিনের পরে দিন চলে যায় মাসের পরে মাস, হুতাশে মন শুকিয়ে উঠে নাই কোনো আশাস। হঠাৎ এল দাসীর মাসী পরম গুণী সে, ওষ্ধ-বিষুধ অনেক জানে; এম্নি শুনি যে,— দাসীর মাসীর দেখন্-হাসির জামাই বেয়াড়া তার ওষুধে একেবারে হয়েছে ভেড়া ! শুনে যেন দোক্তা পাতার লাগ্ল তলব জোর আড়ালে তায় শুধাই ডেকে "কেমন ওষুধ তোর ?— খাওয়াতে হয় ?" "তা হয় বাছা!" বল্লে আমায় সে; আমার তখন বুদ্ধি কাঁচা বল্লাম "এনে দে !— ভয় কিছু নেই ?" "রামঃ, হাতে পড়বে যে দড়ি তেমন ওবুধ আমরা রাখি ৽ূ—পরব হাতকড়ি ৽ৄ" নিলাম ওয়ুধ, পানের সাথে দিলাম স্বামীরে, পাপীর পাপী পঞ্চ-পাপীর অধম আমি রে। ওষুধ আপন কাজ করিল, দিনে দিনে হায়। অমন মানুষ চোথের উপর কেমন হয়ে যায়! मगज (गल नके ह'एए, वृष्ति ह'ल कौन, त्ररेल र'रा जव-श्वित, जधीन, গতিহीन।

পেলাম তারে হাতের মুঠার, পেলাম না প্রা,
'গুণ' করিতে করম-দোষে সব হ'ল গুঁড়া।
পোলাম তারে নিজের কোটে, পোলাম না তার মন,
মনের মজা ফুরিয়ে গেছে, জড় এবে সেইজন।
জড়কে নেড়ে কি স্থুখ ? বল! পুতুল খেলা, হায়!
ছেলেবেলার স্থুখ সে, এখন স্থুখ মেলে না তায়।
ভ্রম্ট সাধক! করলি কি তুই ? মূর্য তুই থাটি,
কাদার ছাঁচে মনের ঠাকুর করলি যে মাটি।
মাটির ডেলা পূজা করে ভরল না হায় মন,
মন দিয়ে মন পেয়ে যে স্থুখ, সে স্থুখ অদর্শন।

নিত্য-প্রায়শ্চিত্তে কত দিনের পরে দিন
কেটেছে মোর পঙ্গু স্বামীর সেবায় শ্রান্তিহীন;
আমার পাপে পঙ্গু স্বামী হায় গো বিধাতা!
তোমার পায়ে ঠাই পেয়েছেন, আমি অনাথা।
এক্লা জীবন, স্মৃতির বোঝা বইতে না পারি'
তোমায় ডাকি আকুল মনে, হে ডঃখহারী।
মানস-রূপে এস মনে মনের পরমেশ!
পাপে তাপে জীর্ণ হৃদয়, ছুখের কর শেষ।
গুরু গোসাই চাইনে আমার, নেবনা মন্তর,
নিজের ডাকে ডাকবে তোমায় তৃষিত অন্তর;

শিশু যেমন সহজ স্থুখে অপনি চুধ টানে, ছুধ টানিবার মন্ত্র কেহ না ছার তার কানে, তেম্নি আমার প্রাণের টানে টান্বে তোমারে আপ্নি পূরা হবে হৃদয় অমৃত-ধারে। এস প্রাণে প্রাণের আরাম! মুছাও গাঁখিজল। তোমার আমার মাঝখানে আর বসাব কারে ? আড়াল ক'রে থাক্বে সে যে ঢাক্বে আঁধারে; কথার ধোঁ য়া, মতের ধূলা উড়াবে খালি, চাইনে ঠাকুর! চাইনে আমি পরের দালালি। তুমি গুরু, তুমি গোসাই তুমি সে ইফঁ, ইহ পরকালের স্বামী ভক্তি-আকৃষ্ট তুমি পরম প্রায়শ্চিত্ত মলিন এ চিত্তে, কর পরম প্রেমের ভাগী আনন্দ-তীর্থে। यक्त-कता अक्तकारत मीख जूमि मीभ, অশ্রুত্বন জীবনে মোর শ্রাবণ-শোভা নীপ বন্ধ ঘরে বন্ধু! কথা কইছ ইশারায়! মানস-লোকে মনের মানুষ! প্রণাম করি পায়॥

# বিন্তাৰ্থী

আমারে পড়ুয়া করি' লও তব বিভারণ্য মুনি! পণ্ডিত-বটু বটি হে ঠাকুর — হ'তে পারি নাই গুণী। বয়স আমার ব্ত্রিশ পার. ় তোমারে সুধাই তাই— এ বয়দৈ আর বিছা পাবার কোনো ভরসা কি নাই ? যেখানে গিয়েছি ফিরায়ে দিয়েছে. ফিরেছি নানান্ দেশে, ভেসে ভেসে আজ তোমারি চরণে আসিয়া ঠেকেছি শেষে। ভোজ খেয়ে আর দাবা পাশা খেলে বয়স গিয়েছে কেটে, বংশ-গরিমা রাখিতে নারিমু জল আসে চোখ ফেটে। এ সকল কথা আগে ভাবি নাই ; দিন গেছে টো টো ক'রে,—

দোকানে দোকানে মজ লিসু রেখে — ফল পেড়ে পাখী ধরে। আমাদের টোলে মানুষ হয়েছে দেশ-বিদেশের ছেলে, আমারি কেবল গ্রাহ্য ছিল না, দিন গেছে অবহেলে। সংসা ঘটিল পরিবর্তন ঠাকুরের হ'ল কাল, या रातान महमत्रा हिन्या : বুঝিরু নিজের হাল। পড়ুয়ারা চলে গেল একে একে, জনহীন চৌপাডি. পল্লী নীরব হ য়ে গেল যেন ভয়েতে ভরিল বাডী। পণ জুটিল না, বিবাহ হ'ল না হাত পোড়াইয়া রঁ'ধি। কাঠ কাটি, জল তুলি, ভাঙা বেড়া গিরা দিয়া নিজে বাঁধি। তবুও সময় না চায় কাটিতে, চিৎপাৎ হ'য়ে পড়ি, মশা মারি, মাছি তাড়াই, ঘরের গণি গো বৰ্গা-কড়ি।

চুকিলে কুকুর করি দূর দূর, গরু এলে দিই তাড়া,

কোনো কাজ আর ছিল না আমার একেবারে ইহা ছাড়া।

বলিতে ভুলেছি, কোনো কোনো দিন সিন্দুক পেটি খুলি

দেখিতাম বসে পুরাণো কালের গৃহ-তৈজসগুলি।

দেখিতাম মোর অমপ্রাশনে পাওয়া ঘটি, বাটি, থাল,

ঠাকুরমায়ের রাঙা চেলি আর ঠাকুরদাদার শাল।

পৈতৃক ধন বিভা না পেয়ে পেলাম পুঁথির রাশি,

পিতার বিয়োগে পৈতৃক ভিটা আমায় ধরিল গ্রাসি'।

আমার বলিতে শুধু সেই ছিল, সেই পুরাতন ভিটা,—

তার ইটে ইটে মাধুরীর ছিটে,— ভিটা মমতায় মিঠা।

তারে ছেড়ে মন নড়িতে না চায়,— পড়ে আছি দিবারাতি,

ফিরে গেল কত নগর-ভোজের নিমন্ত্রণের পাঁতি।

অকারণ তবু ভয়ে যেন মন ভরিয়া ভরিয়া ওঠে

ছাত্রমুখর এই সেই ঘর আওয়াজ ভায় না মোটে.

মৃত্যুর মত নির্বাক সে যে বিহ্বল ক'রে তোলে,

পরাণ থাকিত হ'য়ে সচকিত

মাথা রাখি তার কোলে।

নিজ খড়মের প্রতিধ্বনিতে

রাতে উঠি ভয়ে কেঁপে,

কোনো দিকে আর চাহিতে না পারি

ছই হাত বুকে চেপে—

ঘরে ঢুকে যাই, কবাট জাটিয়া

হাৎড়াই চক্মকি,

দীপ ছেলে ভাবি ভয় ভুলিবারে

উপায় বা করিব কী!

চোখ্পড়ে গেল পুঁথির রাশিতে,—

मत्न श'न,--ताम नातम

ভয় দূরে যায়, ভাগে ভূত প্রেত ভীক্তর ভাবনা থামে। করিলাম স্থির খুঁজিব এথনি রামায়ণ পুঁথিথানা

চেফা করিয়া পড়িব, নাগ্রী

• হরফ তো আছে জানা।

চট্ ক'রে যেই চড়িন্থ চালিতে পট্ করে পচা দড়ি

ছিঁড়ে গেল, চালি ভেঙে পুঁথিপাতা.

গৃহতলে ছড়াছড়ি।

আমি গড়ে গেনু, তাহারি ঝাপটে সহসা নিবিল বাতি,

পৃষ্ঠে মাথায় পড়িতে লাগিল

কিল, চড়, গুঁতা, লাথি!

মনে হ'ল শত ক্রুদ্ধ চোথের দৃষ্টি আমার 'পরে

আছে নিক্দ্ধ,—টিট্কারী-ভরা

অকরণ অন্তরে।

পড়িছে পড়িছে কেবলি পড়িছে তুলিতে না খ্যায় মাথা,

হারান্ন চেতনা ; তারপর আর কী যে হ'ল—জানি না তা'।

মূর্থজনার মলিন পরশ সহেনা সরস্বতী,

তাই এ ঘটনা ঘটিল বুঝি বা তাই এই হুৰ্গতি। দুৰ্গতি কি না বলিতে পারিনা,— স্বপনেতে সেই দিন পরলোকগত পিতারে দেখিতে পেয়েছিল এই দীন: মূর্থ ছেলের ছঃখে বুঝি গো ব্যথা পেয়েছিল মন. স্বর্গ ছাড়িয়া আমারি শিয়রে তাই হ'ল আগমন: জীবনে আবার প্লেহ-গম্ভীর বচন শুনিরু তাঁর, কহিলেন মোরে "বন্দিনী বাণী, কর তাঁরে উদ্ধার।" কি বলিতে গেলু,—কাঁদিয়া উঠিতু,— স্বপন টুটিল, হায়, চাহিয়া দেখিত্ব প্রভাতের আলো উঁকি ছায় জানালায়। भूँ थिछना यन शास भारत प्राय মেলি' হরফের দাঁত, ধীরে ধীরে তবু গোছাতে গেলাম মিলাতে গেলাম পাত। তুলোটের পাঁতি তালের পত্র ভূৰ্জ্জ-লিখন আর

আমার উপরে আড়ি করে' যেন হ'য়ে আছে একাকার।

তিল-তওুল মিলনে মিলেছে একশো পুঁথির পাতা,—

নীরে-ক্ষীরে যেন মিশেছে, তাদের গোছাতে ধরিল মাথা।

অক্লরগুলো চেয়ে থাকে শুধু অর্থ না যায় বোঝা,

'ভূতের বোঝা এ,—দিই চুল্লীতে ;— কাজ হ'য়ে যাক্ সোজা।

হঠাৎ স্মরণ হইল স্বপন,— পোড়ানো হ'ল না আর,—

"বাণী রয়েছেন বন্দিনী হ'য়ে কর তাঁরে উদ্ধার !"

নিক্ষলে থেটি দিন গেল কেটে, রাত্রি আসিল ফিরে,

বিতথ পুঁথির মধ্যে পাতিত্র মলিন শয্যাটিরে !

চক্ষু জুড়িয়া তন্দ্রা যেমন আসন পেতেছে তার,—

অমনি শুনিত্র "বন্দিনী বাণী কর তাঁরে উদ্ধার।" পাগলের মত হইয়া উঠিল অনিদ্রা অনাহারে, ভিটামাটি ছেড়ে হলাম বাহির নিশির অন্ধকারে। গ্রামের প্রান্তে বেণুবনে বায়ু করিতেছে হাহাকার,— "বাণী রয়েছেন বন্দিনী হ'য়ে কর তাঁরে উদ্ধার।" বি বিগুলো বলে "ছিছি! মিছেমিছি পিছনে চেয়োনা আর, वानी तरसरहम विकिनी ह'रस কর তাঁরে উদ্ধার।" সেই হ'তে ফিরি বেয়াকুল হ'য়ে পথে পথে দেশে দেশে. "বুড়া পড়ুয়ার পাঠশালা নাই" বলে মোরে সব হেসে। ব্রাহ্মণ-বটু বটি তো ঠাকুর বয়স না হয় বেশি স্বপ্ন-আদেশে এসেছি; নহিলে এ বয়সে টোলে খেঁসি ? পুঁথির ভিতরে বন্দী রয়েছে মুক্তিদায়িনী বাণী, তাঁরে উদ্ধার করিবার ভার আমারি উপরে জানি। আমারে শিখাও, পায়ে ঠাঁই দাও হে গুরু ! পুরাও সাধ : পণ্ডিত হব, বিছা লভিব— কর গো আশীর্কাদ। কিন্তর তব শ্রমে অকাতর, সেবার হবে না ক্রটি; विनिष्ठ এই দেহ विनिगरम প্ৰসাদ লইব লুটি'। ভূত্য করিয়া রাখ হে ঠাকুর! ছাত্র না কর যদি, ইন্ধন আমি আনিব আহরি' ওগো প্রভু! যে অবধি— যোগ্য না হই বিভালাভের ; শিশুমুখে শুনি' শুনি' তবু অভ্যাস হ'তে পারে কিছু বিভারণ্য মুনি!

# শবাদীন

কই গো করালী! দেখা দিলি কই ? ভয় তো করেছি জয় ; এর বেশী আর কি করেছে বল্ তোর মৃত্যুঞ্জয় ? সেও তো জননী! আনারি মতন প্রেমে পেতেছিল শ্মশানে আসন,— প্রেমে মেথেছিল নর-অঙ্গের বিভৃতি অঙ্গনয়।

তবে ও চরণ কেন-ভুঞ্জিবে একা ওই উম্মাদ ?
আমারেও দেখা দিতে হবে তোর, মিটাতে হবে মা সাধ ;
অমাযামিনীতে কোলে করি' শব
নেচেছি উহারি মত তাওব,
ছিল ভালবাসা সাধনার মূলে— এই কি গো অপরাধ ?

হায় মনে পড়ে সেই দিন—যবে ছিলান ব্ৰুলচারী লয়ু লঙ্জ।য় ভিক্ষা-ঝুলিটা ঠেকিত বিষম ভারি। কাল্-ভৈরোর কুকুর তাড়ায়ে ক্লিন্ন পথের অন্ন কুড়ায়ে খাইতে তথনো শিখিনি মনের সব ব্রণা অপসারি। ত্থারে ত্থারে দাঁড়াতাম গিয়ে নবীন প্রার্থনায়,—
গুরুর আদেশে মৌনী ছিলাম ভিক্ষার সাধনায়;—
দাঁড়াতাম তুই হস্ত বাড়ায়ে,
কেউ দিত, কেউ দিত বা তাড়ায়ে,
ভিঞ্জারীর ঝুলি ভরিত আথেরে গরীবের করুণায়।

বাহির হতাম জপ হোম সারি' ভিক্ষার সন্ধানে,—
স্থবিরার দল খাটুলি-ডুলিতে চলেছে যখন স্নানে,—
সলিতে গলিতে ফিরিতে ফিরিতে
নামিতে উঠিতে সিঁ ড়িতে সিঁ ড়িতে
পূর্ববাকাশের সূর্য্য হেলিয়া পড়িত পছিম পানে।

একদা ফিরিতেছির আশ্রমে লইয়া রিক্ত ঝুলি আকাশে তথন তথা তপন, বাতাসে তথা ধূলি, ভাবিতেছি এই মহানগরীতে কেহ কি নাহিক মোরে দান দিতে ? মৌনীর মন বুঝিয়া কেহই নাহি কি তুয়ার খুলি ?

জনহীন পথ, মক্ষিকা ওড়ে আবর্জ্জনার 'পরে, থমকি' দাঁড়ানু, কে যেন আমায় ডাকিল মুহুসরে!

সচকিত চোখে চারিদিকে চাই, ঝরোখা-ছুয়ারে কেউ কোখা' নাই ; ছায়াহীন পথ, উগ্র গ্রহেশ একা প্রভুত্ব করে।

"ওগো উদ।সিন্! এই দিকে!" ফিরে চাহিয়া দেখিত্ব তবে, শ্যামা লতিকার ক্ষীণ তন্তু একি উপচিত পল্লবে। হ'টি চোথে তার অমৃতের পূর, স্নেহ-সিঞ্চিত কণ্ঠ মধুর; ছায়া-রূপা যিনি নিখিল-চারিণী এ কি তাঁরি ছায়া হবে ?

নিকটে গেলাম, সম্মুখে তার ঝুলিটি ধরিত্ব তুলি', সে কহিল "একি! এতখানি বেলা এখনো শৃষ্য ঝুলি! বারাণসী হ'তে ফিরিছ উপোসী, অন্নপূর্ণা মন্দিরে বসি' জেনেছেন তাহা, তাই রেখেছেন এই দ্যুজাটি খুলি।"

ভরি' দিল ঝুলি ; দৈবে মোদের মিলিল চক্ষু চারি,
চমকি' নয়ন নত করিলাম ; আমি না ব্রহ্মচারী ?
মৌনীর সেই মৌন আবেগ
রচনা করিল কামনার মেঘ ;
চঞ্চল হাওয়া ফিরিতে লাগিল দেহমনে সঞ্চারি'!

ক্রত পদে চলি' ফিরিয়া এলাম, না কহি' একটি বাণী, মোনীর ব্রত রক্ষা সেদিন করিত্ব হুঃখ মানি'। বল্লা-শিথিল সেদিন অবধি মন হল মোর তপের বিরোধী, গাঁখি-আগে শুধু জাগিতে লাগিল নামহীন মুখখানি।

উঠিতে লাগিল হিয়াখানি তার দিনে দিনে উপচিয়া,
খুদী হ'ত খুদী করিয়া আমায় প্রচুর ভিক্ষা দিয়া;
একদা কহিল মুখপানে চেয়ে
ুগুদু চাহনির মমতায় ছেয়ে
"মোনী ঠাকুর, কাল থেকে যেয়ো আগে মোর দান নিয়া।"

পরদিন প্রাতে ভিক্ষাপাত্র নানা উপচারে ভরি'
কহিল "ঠাকুর খুর রোদ্দুর, ঘরে ফির ছরা করি'।"
কিরিলাম, শাঁখি এল ছলছলি
কৃতজ্ঞতার কুসুমাঞ্জলি
মৌন ছদয়ে দিন্তু নিবেদিয়া স্নেহ-রূপিণীরে শ্বরি'।

অসময়ে মোরে আশ্রমে দেখি' গুরু কহিলেন "এ কি! সকালে ফিরেছ তবু কেন আজ মূরতি ক্লিফ্ট দেখি ?"

অপরাধী সম চরণে তাঁহার মাথা নত করে' দিলাম আমার, উজ্জ্বল সেই পাবকের কাছে লুকানো চলে কি মেকি ?

ক্ষণেক নীরব রহি' কহিলেন স্নেহগম্ভীর স্বরে
পরশে-পরুষ করুণ হস্ত রাখি মস্তক 'পরে
"অস্তুত্ব বলি' হয় তোরে মনে
কাজ নাই আর ভিক্ষা-ভ্রমণে,
কাল হ'তে আমি যাব মাগিবারে, বৎস! রহিংয়া ঘরে।"

নাসাগ্রে তাঁথি করি' নিবদ্ধ রহিলাম আঁশ্রমে, অভীষ্ট নাম জপিয়া রসনা অবশ হইল ক্রমে ; ক্ষীণ হ'ল দেহ অল্প ভোজনে, স্তব্ধ রহিমু একা নির্ভ্জনে মৌন প্রেমের চিহ্ন উঠাতে তপের পরিশ্রমে।

কোণা দিয়ে যায় বংসর মাস খেয়াল করিনি কিছু,
আপনার মাঝে মগন ছিলাম চাহি নাই আগু পিছু;
আগুন জালায়ে দারুণ নিদাবে,
নদীজলে ডুবে তুরস্ত মাঘে,
দিন গেছে ধারা লয়ে শ্রাবণের মস্তক করি' নীচু।

তবু সেই ছবি ভুলিতে নারিত্ম রুচ্ছ তপস্থায়,
মীনা-করা ঘরে মিছে চুনকাম, ছবি লুকাল না হায়;
ক্রমে গুরুদেব রাখিলেন দেহ,
মাথার উপরে রহিল না কেহ
চিত্ত আবার ভরিল তপের বিল্ল-আশকায়।

ছাড়ি' বারাণসী তীর্থ ভ্রমিন্থ মিলি' সন্ন্যাসী-দলে,
পদ্ম-বীজের মালা কারো ভালে, স্বর্ণ পাতৃকা গলে!
দেখিন্ত শৈব, উগ্র, ভাক্ত,
উদয়-সৌরী, সিদ্ধ, শাক্ত,
কুস্কুম মাথি' গণেশ-সাধনা দেখিলাম কুতৃহলে।

নানা পন্থায় নানান্ আচার দেখিলাম একে একে,—
দিতে এল কেহ, তপ্ত লোহায় বাহুতে মহিষ এঁকে!
কেহ বলে "লেখ শন্তা, চক্ৰ",
কেহ বলে "জাক দন্ত বক্ৰ",
"স্বৰ্ণ-শাশ্ৰুণ পুঁকুষেরে পূজ" কেউ বলে হেঁকে ডেকে!

তাল-তরু-নিভ বেতালের পূজা দেখিলাম এক ঠাই কণ্ঠে বাহুতে শেল বেঁধে তারা খুঁজে মরে 'সিদ্ধাই !'

বাহুতটে আঁকি কুস্থম-সায়ক মন্মথে পূজে কত উপাসক, বাণী-পূজকের বীণা পুস্তক—তুইই বুকে লেখা চাই!

যুরিয়া যুরিয়া ক্লান্ত পরাণে ফিরিন্থ কাশীর বার্টে, বহুদিন পরে আসিয়া বসিন্থ মণিকর্ণিকা ঘাটে; ভাষাহীন স্নেহে উদাসীর মন কেড়ে নিল কাশী, ফুরাল ভ্রমণ, জপের মালার গুটিক।র মত একে একে দিন কাটে।

একদা চিতার ভম্মে-ভূষিত এল এক কাপালিক
ভালে কড্জল, গলে হাড়-মালা, রাঙা আঁখি অনিমিখ্,
নরমুণ্ডের খর্পর হাতে,
বাবছাল-পরা, জটাজুট মাথে,
'ব্যোম্' ববে কেঁপে ওঠে মন কেঁপে ওঠে দশদিক।

এই তো আমার উদ্ধার-পথ হয়েছে আবিষ্কার !

সিদ্ধি লভিব শব-সাধনায় হইব নির্ব্বিকার,

সব কোমলতা মন হ'তে বুচে

সে কোমল মুখ দিয়ে যাবে মুছে,

চিতার আলোকে রূপের মূল্য বুঝে নেব এইবার ।

মনের বাসনা নিবেদন আমি করিলাম কাপালিকে, আগ্রাহ দেখি' ভালে মোর টীকা দিল সে কাজলে লিখে ; নূতন গুরুর সঙ্গে শাশানে ফিরিতে লাগিমু শঙ্কিত প্রাণে, গুরু আগে গেলে তবে সে যেতাম প্রেতস্থানের দিকে।

একদা নিশীথে গুরুর নিদেশে শাশানে চলেছি একা, কুঞা যামিনী, বৃষ্টি নেমেছে, নিজেরে না যায় দেখা; চলেছি প্রথম শব-সন্ধানে কুত আতঙ্ক উঠিতেছে প্রাণে, নিরালয় মাঠে ঝড়ের দাপটে কাঁপে বিচ্যুৎ-লেখা।

চঞ্চল চলি' দাঁড়ালাম গিয়ে শ্মশান-অশথ-তলে ;
বিজুলী-আলোর ক্ষণিক বিলাসে কি দেখি অথির জলে ?
স্পন্দিত হিয়া ত্ব'হাতে চাপিয়া
নামিতে নদীতে উঠিকু কাঁপিয়া ;
ভয়তুর্ববল হাতে শবদেহ তুলিকু মনের বলে।

সহসা বিপুল আলোকোচ্ছ্ াস ! ওগো ! একি ! একি ! একি ! চিনেছি ! পেয়েছি !—কই আলো কই ?—সংশয়ে গেন্থ ঠেকি'।

আলো কি আজিকে নেই সংসারে ?—
কেউ আসিবে না মৃত-সংকারে ?—
বজ্র পড়ুক্'''আলো হবে তবু'''একবার লব দেখি।

আহা—বিদ্যুৎ! যেয়োনা, পেয়েছি দেখেছি শহরেছে শেষ;
শেষ ? শকে বলিল ? শএই সতীদেহ বহিয়া ফিরিব দেশ।
আজি আরম্ভ প্রেমের আমার,
ভিখারী পেয়েছে হারানিধি তার!
লঘু হ'য়ে গেছে দেহ, মন, প্রাণ, অশ্রুর নাই লেশ।

আমি অভিসারে এলাম শ্বাশানে জলে ভেসে তুমি এলে !
এতদূর যদি করিলে কেন গো দেখ না নয়ন মেলে !
তগো পূর্ণিমা ! ওগো প্রেমগুরু !
আজি যে মোদের মিলনের স্কুরু ;
ফুঃখ কেবল এত কাছে এসে এতদূর হয়ে গেলে।

বুকের মাণিক বুকে ফিরে এসে মলিন কেন গো হ'লে, কৌতুক-ছলে মৌনী হ'লে কি মৌন-জনের কোলে ? মণিবন্ধনে কঙ্কণ-ডোর তেমনি উজল রয়েছে যে তোর, অধরের কোণে স্নিগ্ধ হাসিটি বুঝিরে তেমনি দোলে। আহা—বিহ্যুং! দয়া কর—দাও দেখিতে কণপ্রভা! অন্ধের মত পরশ বুলায়ে ভুঞ্জিতে নারি শোভা;

হিম! হিম! সব হিম হ'য়ে গেছে, কবরী শিথিল—জলে দে ভিজেছে: অসাড় অবশ স্পন্দবিহীন—তবু —তবু মনোলোভা।

নগ্ন এসেছ বন্ধুর কাছে সঙ্গে কিছু না নিয়ে বিনা সঙ্কোচে এসেই কিশোরী অজানা অপথ দিয়ে; বিজন শাশান, রাত্রি অাঁধার, কুণা যুচাও চাহ একবার, কি দুখে মরণ করেছ বরণ ? বল একবার প্রিয়ে!

কথা কহিবে না ? একি অভিমান ? কিবা যা' করেছি ভয়— ক্ষীণ পুণ্যের ক্ষণুদা আমার! এ তুমি দে তুমি নয়! ওগো কে আমারে বলে' দিবে হায়! কেন এ লতিকা অকালে শুকায় ? বৌন প্রেনের এই পরিণতি! প্রেতভূমে পরিণয়!

তুমি ম'রে গেছ ? শাশানে শুয়েছ ? তবে তাহে নাই ডর ? এই কি মরণ ? • • এই মৃত দেহ ? • • মৃত্যু কী মনোহর !

কালের পরশে নাই বিভীষিকা তুমি শিখাইলে অয়ি রূপশিখা! মরণের বেশে মনের মান্ত্রধ শাশানে পাতিলে ঘর!

সেহের পুতলি, েসেই হ'ল শব! শবের সাধন সোজা;
কাপালিক! তুমি কী শিখাবে আরঁ ? মূর্থ! ভূতের ওঝা!
একদিন যেই ভালবাসা দেছে
সেই আজি মোরে সাধক করেছে;
সিদ্ধ হয়েছি, ঋদ্ধি পেয়েছি, শেষ হ'য়ে গেছে খোঁজা।

প্রিয়া ! প্রিয়া ! প্রাণের দোসর ! আর নাহি মোর লাজ ! ব্রন্সচারীর সকল গর্ব্ব ধ্বংস হয়েছে আজ । আর কোনোথানে নাই কোনো বাধা,— সিদ্ধির লাগি' শেষ হল' সাধা, শুষ্ক তরুরে বিজুলির পাতে মুড়ে আজি দেছে বাজ !

শক্ষা টুটেছে, শাসন ছুটেছে, শাশান হয়েছে গেহ:
শবেরে জেনেছি আপনার জন, মৃতেরে দিয়েছি স্নেহ;
সে যে পেয়েছিল মায়ের আদর,
সে যে ছিল কার আলো করি' ঘর,
ছুথে সুথে কালি ছিল মোর মত—আজিকার শবদেহ।

#### শ্বাসীন

চিতার বিভৃতি ভন্ম সে নয়,—প্রেমতীর্থের ধূলি, ছিল গো প্রেমের বন্ধন-ডোর এই কন্ধালগুলি; বন্ধুবিহীন শাশানের শব! তোমাদের লয়ে করি' উৎসব নিশীথ গগনে ছিল্ল কাঁথার বিজয়-নিশান তুলি'।

শবাসীন হ'য়ে সেইদিন হ'তে অমানিশি করি' কর;
মরণের মাঝে মাধুরী পেয়েছি, হ'য়ে গেছি তন্ময়।
স্মৃতিসতী-দেহ বহি' নিশিদিন
শ্মশানে শ্মশানে ফিরি উদাসীন,
তবু কপালিনী! দয়। কি হ'ল না १০০০এখনো অনিশ্চয়!

### 'পরেয়া'

পরেয়া ব'লে তো পর ক'রে দিলে ওগো আচারীর দল। তবু ছাখ, টি কৈ রয়েছি জগতে যাই নাই রসাতল। আছি বলে আছি—দিব্য রয়েছি রয়েছি ফূর্ত্তি ক'রে, খাটিখুটি খাই মাদল বাজাই নাচি গাই প্রাণ ভ'রে। অথাত্ত খাই ?—দে কেমন কথা ? অর্থটা তার কি রে ? হ'লে অথাত্য বা'র হয়ে যেত সভা উদর চিরে: তা' যখন ভাই আজো হয় নাই এটা বলিতেই হবে--খাত্য খেয়েই বেঁচে আছি মোরা! বুঝিলে এখন তবে ? অখাত খাব ? সে যে অসাধ্য সাধন করা রে ভাই।

তা' করিতে গেলে ভোজ-বিছাটা ভাল করে শেখা চাই। মোরা নেশা খাই ? তা ব'লে তো ভাই করিনে কাজের ক্ষতি, ছেলেপুলে পুষি, বৌটাকে তুষি গা বাপের করি গতি। তারপর যদি একট্-আধট্ এদিক ওদিক হয়. ক্ষমা-দ্রণা ক'রে নিতে হয়,—অত ছল ধরা কিছু নয়। • তাও ব'লে রাখি,—বসে থাকিব কি ?— তোমাদের মত আর মোদের তো নেই স্থবিধা তেমন ফলাহার জুটিবার। শাস্ত্র লিখেছ আপ্কা-ওয়াস্তে,— করেছ কতই কাপ,— তোমাদের ভোজ দিলেই পুণ্য,— আমাদের দিলে পাপ! মোরা অনার্য্য ?-- কৃষ্ণবরণ ? তোমরা গউর ? দাদা ! কালো হোক্ চাই ধলো হোক্ গাই ত্ৰধ সে সমান শাদা।

আর কি আমরা ? বল ! বলে যাও !... আমরা সর্ববভূক্ ?

ফুল চন্দন পড়ুক মুখেতে ! শুনে ভারি হ'ল সুখ,…

তোমাদের কোন্ ঠাকুর গো প্রভু! তারো যে অমনি নাম

হাঁ হাঁ হাঁ হয়েছে—মনে পড়ে গেছে— আগুন গো গুণধাম!

পরেয়ারে নিলে ঠাকুরের দলে—

ঠকে গেলে দ্যাময় !

আগুনে যা' দাও সেই বৃত্টুকু পাঠাতে আজ্ঞা হয়।

পোড়ায়ে নফ্ট কর তো ঠাকুর না হয় মানুষে খেলে,

পেটের স্বগ্নি অগ্নি তো বটে, 'স্বাহা' বলে দাও ঢেলে।

পোড়ায়ে পফ্ট করিছ নফ্ট আমরা বাঁচিব খেয়ে,

তফাৎ হয়েছ, দূরে সরে আ*হ* কাটা মুণ্ডের মত,

রাত্র গরাসে শুধু গিলিছই,— হজম করিলে কত ? ছিন্ন কণ্ঠে বাহির হতেছে যত বা পশিছে মুখে, নাহিক পুষ্টি, নাহিক কান্তি, টিঁকে আছ কোন্ 'তুকে' ? স্পন্দিত-শিরা কবন্ধ--বাহু করিছে আশ্চালন, কাটা মুণ্ডের বাচালতা দেখে হাসিছে জগৎ জন। • জননী-জঠরে জ্রণের শরীর ভেঙে যায় ভাগে ভাগে বৃত্তে বিকচ পাপ্ড়ির মত মাঝে তবু যোগ থাকে। সমাজেরে তুমি ভাগ তো করনি করেছ ব্যবছেদ, যোগের সূত্র কাটিয়া দিয়াছ গড়িয়াছ জাতিভেদ। এখন তোমার কাটা মুণ্ডের কথায় কে দিবে কান ? কবন্ধটার আস্ফালনের ভিতরে নাহিক প্রাণ।

হাততালি দিয়া কথা না বলিয়া নগরের পথ 'পরে

সঙ্কোচ-ভরে কোথায় চলেছ পাগলের ভাব ধ'রে ?——

পাছে ছুঁরে ফেলি তাই হাততালি ?… করিতেছ সাবধান ?

ছুঁতে যাব কেন ?···ধর, যদি ছুঁই··· ছোঁয়াতে কী লোকসান ?

ছায়া মাড়াইলে হইবে নাহিতে ? এই এ দেশের প্রথা ?

শাস্ত্রে লিখেছে ?...লেখেনি ?...কা্যা ! বটে ? এ ভবে কেমন কথা ?

শাস্ত্র মান না ?... মান ?...তাই নাকি ? আর মান দেশাচার ?

আর ?...হাঁচি ?...আর ?...টিক্টিকি ?...আর ? শাসন পঞ্জিকার ?

মান না কেবল উপকার ঋণ জান না কৃতজ্ঞতা ; •

অশুচি পরেয়া শুচি করে পথ, ভুলে কি গেলে সে কথা ?

নহিলে শুচিতা গাকিত কোথায় ?... কি ? কি ?...পথ নারায়ণ ? নারায়ণে মোরা করি পবিত্র মোরা কিসে হীনজন ? পুথ ঘাট সবই দেবতা তোমার মানুষ্ই কেবল মাটি, অঙ্গ জুড়ায় কথা শুনে, আহা, পরিপাটি! পরিপাটি! মোরা অনাচারী! মোরা ব্যভিচারী ? পূজি ব্যভিচারিণীরে ? পরশুরামের মাতৃমুগু স্থাপিয়াছি মন্দিরে ? জননী-ঘাতীরে তোমরা যখন করিলে হে অবতার,---অনাচারী মোরা হার মানিলাম দেখে এই অনাচার! জীবন দিয়া যে ভুবন দেখাল মানুষ করিল স্নেহে,— সন্তান তুমি,—তাহার বিচার করিবার তুমি কে হে ? পুত্র বসিয়া বিচার করিল জননীর অপরাধ ! দণ্ডও দিল মুণ্ড কাটিল, অদ্ভূত সংবাদ !

দেই পাতকীরে অবতার সবে করিলে গণ্ডগোলে, ব্যথা-সচকিত রেণুকার মাথা আমরা নিলাম কোলে। এই অপরাধ—ইহারি লাগিয়া মোদের করেছ পর, তাডায়ে দিয়েছ পল্লী-বাহিরে কাড়িয়া নিয়েছ ঘর। এই অন্যায় করেছ সকলে ভৃগু-পুত্রের ভয়ে, আমরা ঘূণিত হলাম,—অবলা নারীর পক্ষ ল'যে। কুকুরের নীচে ঠাই আমাদের আমরা পরেয়া লোক. তোমরা ঠাকুর অতি-স্থুচতুর তোমাদেরি ভাল হোকু॥

## সতী

(আমার) কোটি চন্দ্র উদয় হ'ল, বল্ গো তোরা বল্ গো-হরি;
সময় হ'ল ডক্ষা প'ল, এবার তবে যাত্রা করি।
চোথের জল যে নেই ফেলিতে, কেন তোরা কাঁদিস্, ওরে!
যে যাবে তায় বিদায় দে রে, কেন বাঁধিস্ মারার ডোরে।
ছাদ্না-তলার শক্ত বাঁধন, সে বাঁধন যে থুল্তে নারি,
পুরুষ মানুষ যেথায় যাবে সঙ্গে যাবে তার যে নারী।
সঙ্গে যাবৈ সাথেয় সাথী, সঙ্গে যাবে তুঃখে স্থুখে,
সঙ্গে যাবে চোথের জলে, সঙ্গে যাবে হাস্থ্য-মুখে।
সঙ্গে যাবে রণে বনে সীতার মতন কুতৃহলে,
পিছ-পা হব ?... পিছিয়ে রব ? শাশানে আজ যাচেছ বলে।
ছাদ্না-তলার ছাঁদের বাঁধন সে বাঁধন যে শক্ত ভারি,
সাত পাকে যে জড়িয়েছে পাক চৌদ্দ পাকে খুলতে নারি।

দিস্নে বাধা বারণ করি করিস্নে রে কান্নাকাটি, মরণ কারো হয় নাক' রদ, নাটি যা' সে হবেই মাটি। কচি কাঁচা নেইক কোলে, শিখেছে সব খুঁটে খেতে, মেয়ের বিয়ে নেইক বাকী, দিয়েছি সব সুপাত্তেতে।

বড় ছেলের বউ এনেছি, ( ঠাকুর, এদের স্থথে রাথ; )—
সব ছোটটি দশ বছরের তার কথা আর ভাব্ব নাক'।
বাজা ওরে বাজনা বাজা, আজ আমাদের আবার বিয়ে;
কই ডুলি কই ? কাহার কোথায় ? কইরে আমায় চল্না নিয়ে।
যাব আমি যম জিনিতে, বাজা তোরা বাজনা বাজা,
আল্তা দিয়ে সিঁদূর দিয়ে আবার আমায় ক'নে সাজা।
ফুলের মালা পরিয়ে দেরে, পরিয়ে দেরে রাঙা শাড়ী,
থই কড়ি সব ছড়িয়ে দে রে যাচিছ আমি শশুরবাড়ী।

বিয়ের কালের হাতের নোয়া কয় গিয়েছে প'রে প'রে,
শিথ্লে দে রে পাঁইছে খাড়ু খিল্কাঠি ওর আল্গা ক'রে।
বিবিয়ানা নথটি আমার,—পাঠিয়ে দিয়ো তুর্গা-বাড়ী,—
গড়িয়েছিলাম হয়নি পরা,— আর ওই নতুন পাটের শাড়ী,—
পাঠিয়েছিল ঠাকুরঝি য়া',—ওবার য়খন য়ায় সে কাশী;
ঝুম্কো টেড়ি বোমা প'র'; আর য়ে সোনায়পোর রাশি
ভাগ ক'রে তা' নিয়ো সবাই দেওরদের সব হলে বিয়ে,
আমি ও আর ভাব তে নারি, খালাস তোমার হাতে দিয়ে।
ভাল ঘরের ঝিউড়ি তুমি এনেছি সহংশ থেকে,
এ সংসারে গিয়ি হ'য়ে চলবে সকল বজায় রেখে।
বঞ্চিত না হয় য়েন কেউ দৃষ্টি রাখিস্ সবার প্রতি,
আমার শশুরকুলের লক্ষী মা তুই আমার বুদ্ধিমতী।

ননদ ক'টা রইল তোমার; আমাদের অবর্ত্তমানে ত वित्या भारक भारक, मत्न रयन प्रथ ना भारन।

ছি ছি! বাছা! ওকি আবার! এমন দিনে কাঁদতে আছে? অমন ক'রে কাঁদ্বে যদি, থেকো নাক' আমার কাছে। আমি তো আর কাঁদব নাক', আমি এখন আমার ছায়া, আমি এখন গিইছি মরে, মরার আবার কিসের মায়া ?

**उत्ना भा**धी! कॅाफिम त्कन ? অনেক फिरनंद जूरेरंद पामी, ঢের ভুগেছিস্ এ সংসারে ঢের দেখেছিস্ কান্না হাসি। আজকে বাছা কাঁদিস্নে তুই অমন চোথের জলে তিতি। কারা ভারি অলক্ষুণে, আজ যে আমার বিয়ের তিথি। কর্ত্তা হবেন গঙ্গাবাসী, আমি যাব সঙ্গেতে তাঁর, আমি অতি ভাগ্যবতী, এমন ভাগ্য হয় ক'জনার ? নিজের গরব কর্ত্তে সে নেই, বল্তে তবু ইচ্ছে করে,— আজ্কে আমার কিসের লঙ্জা, বস্ব চিতা-শয্যা 'পরে।

সহমরণ যায় যাহারা বিধবা হয় আড়াই দণ্ড, অখণ্ড মোর এয়োৎ-রেখা, দেখ্না, কোখাও হয়নি খণ্ড। বিধবা যে হবই নাক' জানি তা মোর মন বলেছে, বিধাতা যে লিখ্লে লিখন ফলেছে তা ঠিক ফলেছে,—

প্রমাণ তো তার কাল পেয়েছিস,—গেছি আমি আগেই মরে;
ধরেছিলাম আঙুল তুটো জলন্ত দীপশিখার 'পরে।
দেখলি কেমন পুড়ে গেল ধুনোর মত এক নিমিষে ?

ায়ন্তে কেউ সইতে পারে ? সাড় থাকিলে সইত কি সে ?
গেছি আমি আগেই মরে, দাঁড়িয়ে আছে কাঠামটা,
কাট্লে আমায়,—দেখতে পেতিস,—রক্ত নাইক একটি ফোঁটা।
কর্তা যাবার আগেই গেছি, চলে গেছি মর্ত্তা ছেড়ে,
হাওয়ার মতন হালা দেহ আলা হাওয়ায় দিচেছ নেড়ে।
কড়ির ঝাঁপি কাঁখে এখন দাঁড়িয়ে আমি আকাশ-পথে,
প্রতীক্ষাতে দাঁড়িয়ে আছি মিল্ব আগুন-বরণ-রথে।

কাঁদছে ছেলে, কাঁদছে জামাই; জল শুধু নেই আমার চোখে,
শুকিয়ে গেছে স্নেহ মায়া, ছায়ার মতন দেখ ছি লোকে!
ওগো বাপু পরের ছেলে! নিজের-ছেলের-চাইতে-বেশী!
তোমরা কোথায় সাহস দেবে,—এ কি বাপু? এ কোন্ দেশী?
মন করেছি সঙ্গে যাব, পণ করেছি যাবই যাব,
দাও বাধা তো মরব ঘরেই, দাও ছেড়ে তো গঙ্গা পাব;
ধরে বেঁধে রাখ্বে কারে? মড়া ঘরে রাখ্তে আছে?
আধথানা যার চিতার শুয়ে আর-আধথানা তার কি বাঁচে?
মরা-মায়ের মায়া কিসের? বেটাছেলে শক্ত হবে,—
ছি! বাবা! ছি! অমন করে? সদরে যাও তোমরা সবে।

আমার যাবার সময় হল, জোগাড় কর পাঠিয়ে দেবার ফুরিয়ে এল চোখের জ্যোতি, ঘনিয়ে এল লগ্ন এবার।

লাগ্লে মনে লাগ্তে পারে, একমরণে যাচ্ছি মারা, এরা হবে একদিনেতে পিতৃহারা মাতৃহারা। লাগ্লে মনে লাগতে পারে; ভাব্বনা আর ও-সব কথা, মায়াতে কি জড়িয়ে যাব ?…না, না…আমার নেই মমতা। বাজা ওরে বাজনা বাজা, কইরে তোরা আন না ডুলি, স্বর্গে আমার তুল্ছে দোলা, রইব না আর মায়ায় ভুলি।

বাজা ওরে বাজনা বাজা, যাব আমি যম জিনিতে, যমের পিছন পিছন যাব হারা-মরা ফিরিয়ে নিতে; সাবিত্রী গো সহায় হ'য়ো, সহায় হ'য়ো শিবের সতী, পাই যেন মোর হারানিধি, ফিরে যেন পাই গো পতি। ইহকালের টুটুল ধাঁধন, পরপারে মন ছুটেছে, দেখছি আমি ও-পারে মোর পারিজাতের ফুল ফুটেছে।

বুকের পাঁজর ভেঙে দিয়ে যারা আমার আগে ভাগে
পালিয়ে গেছে, তাদের আমি দেখছি আমার আঁখির আগে—
তিন বছরের একটি মেয়ে, সাতাশ মাসের একটি ছেলে,
দেখছি পারিজাতের বনে, দেখছি আমার হু'চোখ মেলে;

চিতায় শুয়ে পতির পাশে স্বর্গে যাব দোনার দোলে, হারা-ছেলে ধরব বুকে, হারা-মেয়ে ধরব কোলে।

2%

মা বাবা মোর স্বর্গে গেছেন, হয়নি দেখা যাবার বেলা,
আবার তাঁদের দেখতে পাব, স্বর্গে আমার চাঁদের মেলা।
বোনে বোনে মিল্ব আবার, হয়নি মিলন বিয়ের পরে,
দূরে দূরে পড়েছিলাম, দেখা হ'বে লোকান্তরে।
কথায় বলে বর্ধাকালে নদী তবু দেখবে নদী,
বোনে বোনে হয় না দেখা মরণ সে না মিলায় যদি।

1/2

বাজা ওরে বাজনা বাজা লাজাঞ্জলি ছড়িয়ে দৈ রে,
বিদায় হ'য়ে যাচ্ছি আমি যাচ্ছি সকল খেলা সেরে।
মুড়কি-মোয়া আন্রে হেথা, দিই সকলের হাতে হাতে,
মিপ্তি আমার মনে রেখাে, তেতাে ভুলাে মৃত্যু সাথে।
অঙ্গ আমার আস্ছে চুলে নয়ন মুদে যায় এখনি,
(আমার) কোটি চক্র উদয় হল; কর গাে তােরা হরিধানি॥

## বিষক্তা

ওগো বিমুগ্ধ! কি করিলে তুমি ? হায়! বন্ধু! জান না ? বিষকত্মা যে আমি। পরশে আমার পরাণ টুটিয়া যায়, চুম্বনে আসে মরণের ছায়া নামি। নব কিশলয় কিশোর প্রণয় লয়ে °কেন এলে সখা ভুজঙ্গিনীর দ্বারে ? শত কামনার শতেক আয়ুধ সয়ে আমি যে তোমারে ফিরায়েছি বারে বারে। তরুণ তোমার করুণ চাহনি তবু— এই কঠিনারে করেছিল চঞ্চল,— তবু প্রলুক্ক করিনি তোমায় কভু,— বনের হরিণ ধরিতে করিনি ছল। ভালবাসিবার অধিকার মোর নাই, বুরেছিনু তাহা, তাই ছিনু দূরে সরে; যেই লীলা-মীনে হৃদয়ে লালিতে চাই বঁড়শীতে তারে বিঁধিব কেমন ক'রে ?

মৃত্র বিধে মোর জর্জ্জর কলেবর, দংশেছে ফণী তবু পাই নাই টের; षामारमं विरव शंत्र गांत विवधत, সজীব অস্ত্র আমরা চাণক্যের। ওগো পত্ৰ ! জোনাকি ভেবে কি শেষে প্রদীপ-শিখারে ধরিলে আলিন্মিয়া ? চুমিলে বিভোল অধরে কপোলে কেশে, গরলের রসে পড়িলে যে মূর্চ্ছিয়া! जामून। विष ছिन शृं कू खुतन, কুন্তল-মাঝে ছিল গো নাগস্পুশা, তাই বিহ্বল লুটাইলে ধূলিতলে মিলনের ক্ষণে এল মরণের নিশা। বিষ-পাথরেতে এ বিষ নামে না হায়, মিথ্যা এখন গরুড়োদগার মণি, বিফল যতন, নিরুপায়! নিরুপায়-! বিষকতার ভালবাসা কালফণী। চকোরের মত হ'ল বিবর্ণ চোখ, ক্রোঞ্চের মত ভেঙ্গে পড়ে তব গ্রীবা, তুঃসহ মোরে দহিছে শুক্ষ শোক, বুঝিতে না পারি হায় গো করিব কিবা !

মাঁপুষ-শীকার করিয়া ফিরেছি শুধু রাজ-সচিবের অঙ্গুলি-ইঙ্গিতে ; যেথায় গিয়েছি আগুন জলেছে ধু ধু, রাজ্য ও রাজা দলেছি দারুণ চিতে। যম-পটে নমি' শিরে বাঁধি' অঞ্চলি, কবরীর মাঝে গোপন করিয়া ছুরি, কর্ম্ম সাধিতে নির্ভয় চিতে চলি নূপুরে বলয়ে কটাক্ষে বিষ পূরি'। নন্দবংশ ধ্বংস করেছি আমি. চাণক্য কে ? কে সে ব্ৰাহ্মণ বটু ?… সে পাতকী মোরে করেছে নিরয়-গামী, সে কেবল কৃট ফন্দী ফাঁদিতে পটু। অনাথা একাকী এসেছিমু এ নগরে,— ( বিষ-নিশাসে ম'রে গিয়েছিল স্বামী; )— বিধবার ঘরে কুৎসার ঘুণ ধরে,— অবীরা অবঁলা গ্রাম ছেড়ে এরু আমি। নগরে তখন বিপ্লব-জল্পনা, নবাগত জনে কে তখন দিবে ঠাঁই ? ভিক্ষা মাগিলু, পাইলাম লাগুনা, চর ভেবে লোকে গায়ে দিল ধূলা ছাই। অন্নের লাগি' নিজেরে বেচিমু শেষে, দেখিতে দেখিতে বাড়িল রূপের খ্যাতি;

ছ'দিন না যেতে রব উঠে গেল দেশে— "পুষ্প-পুরেতে নূতন পুষ্প-ভাতি!" যাদের হুয়ারে পাইনি ভিক্ষা চুটি, তারাই আমার হুয়ারে দাঁড়াল এসে ! হীরকে স্বর্ণে ভরে দিয়ে গেল মুঠি, আমি লইলাম.—বুণার হাস্ত হেসে। চলিতে লাগিল হুদিহীন উৎসব, মান্তুষের পরে দ্বুণা সে চলিল বেড়ে; দিবসের খুম রাত্রির কলরব দূরে যেন মোরে রাখিল সৃষ্টি ছেড়ে। হোথা জন্তনা চলেছে রাজ্য-নাশা চাণক্য মোর শুনিয়া রূপের কথা ডেকে নিয়ে গেল, কহিল মধুর ভাষা কহিল "তোমার নাম শুনি যথা তথা,— पूर्त्य, भिविरत, धनी विभित्वत घरत, বুঝেছি প্রভাব অল্প তোমার নয় ; সবার দৃষ্টি আজিকে তোমার পরে, কার কার সাথে আছে তব পরিচয় ?" মূর্ত্তিমন্ত সেই বটু কপটতা, যুরায়ে ফিরায়ে প্রশ্ন করিল নানা; ছল-ছুতা করি জেনে নিল সব কথা, সব আনাগোনা হ'য়ে গেল তার জানা।

শেষে কহিল সে "ওগো স্থন্দরী নারী! নোহিনীর বেশে দৈত্যে নাশিতে হবে; নন্দকুলের দর্প হয়েছে ভারি, রূপের স্থানলে পোড়াও তুমি তা' সবে।

লোগ্র ফুলের রেণুতে মনঃশিলা
চূর্ণ করিয়া মিশায়ে মাথিবে মুথে,
রাজার বেটাকে দেখাবে হাজার লীলা
প্রেম-অভিনয় দেখাবে প্রেমোৎসুকে।

রূপ-লোলুপতা লালসা উঠিলে জেগে একে একে একে আনিবে মুগ্ধ করি, মরণ-গরল্ল-আব্-হাওয়া মাঝে রেখে তিলে তিলে তিলে আয়ু নিতে হবে হরি।"

আমি চমকিয়া কহিন্ম "এ কোতুক ভাল নাহি লাগে, ঠাকুর! বিদার মাগি, এক পাপে মজি' পেয়েছি পেতেছি ছখ, আবার কি হব নূতুন পাপের ভাগী ?"

কহিল সে "তবে রূপসী! বন্দী হ'লে"
কৃত্রিম রোধে কাঁপায়ে মুক্ত শিখা;
পড়িয়া গেলাম বিষম সন্তগোলে,
আকণ্ঠ পান করিলাম 'মধুলিকা'।
ক্ষণকাল রহি' নিঝুম নীরব হ'রে
ফুকারি' কহিন্তু "ওপো তবে তাই হবে,

<mark>অন্ন যে জাতি দিয়েছে ধর্ম্ম ল</mark>য়ে তাদের শাস্তি আরম্ভ হোক তবে।" \*

তার পর সুরু হ'য়ে গেল এই খেলা সজীব অস্ত্র হলাম চাণক্যের; মানব-জীবন লয়ে শুধু হেলাফেলা, অন্ত আমার নাই নাই পাতকের। মৃত্ব বিষে ক্রমে জর্জ্জর হ'ল দেহ, মৃত্র মদিরায় অসাড় করিল মন, গেল ম্বণা, ভয়, গেল বুঝি প্রীতি স্নেহ, অশ্রু ফেলিতে ভুলে গেল হ'নরন! কাছে যারা মোর এসেছে অসংশয়ে शिमित्व शिमित्व जात्मत मित्यिष्टि विव, পৈশাচী খেলা অহরহ নির্ভয়ে— মরণের খেলা খেলেছি অহনিশ।, শেষে একি হ'ল ? একি সপূৰ্বব উষা জাগিল আঁধার পাপে মান মোর মনে ?

কে গো অর্পিলে এই কলঙ্কী জনে ? শেষে বিমুগ্ধ মুগ্ধ করিলে মোরে দেবীর মতন দেখিলে এ পিশাচীরে :

তরুণ আঁখির পূজা—পারিজাত-ভূষা

শুফ সরিং অকালে উঠিল ভ'রে কিশোর হৃদির উছল প্রেমের নীরে। সারা জীবনের সব মমতার ক্ষুধা, অাঁখির নিমেষে মিটেছে তোমায় দেখে; কাছে না পেয়েও পেয়েছি পরাণে স্থা, তরুণ মূরতি গিয়েছিল প্রাণে এঁকে। বিলম্বে এলে চলে গেলে তাড়াতাড়ি. চুম্বন দিতে বিষকতার মুখে— হলে হত; গেলে জনমের মত ছাড়ি জীবন খোয়ালে এক নিমেষের স্থথে। তামি যে চলেছি বিষপ্রসাধনশেষে রাজমন্ত্রীর বিষ-পাংশুল কাজে, হায় উন্মাদ! তুমি কোথা হ'তে এসে বক্ষে আমারে বাঁধিলে পথের মাঝে ? হায় চঞ্চল ! হায় বিহবল হিয়া ! হায় গো তরুণ, একি নিদারুণ খেলা! কি হল তোমার তরল অনল পিয়া ? হায় পত্ৰু ! জীবনে কি এত হেলা ? বঞ্চনা করি কি হ'ল বঞ্চিতারে ? আপনি মরিলে কাড়িলে আমার প্রাণ; শুষ্ক নয়ন ভরিলে আকুল ধারে বিধকন্তার বিষ আজি অবসান॥

## দেবদাসী

আমি দেবদাসী বিগ্রহ-বধু আমারে ইহারা দ্বেখেছে বেঁধে, কাঁদো-কাঁদো গ্রান আকাশের মেঘ আমার হঃখে ফেলেছে কেঁদে! উন্মাদ আমি নহি ওগো নহি তবুও রেখেছে বন্দী ক'রে: কারে বলি ? হায় ! বিঠোবা আমার বাঁশরী বাজায়ে ডাকিছে মোরে। দেখে আসি তার শ্রীমুখের হাসি কেঁদে বলে আসি,—করেছি কিবা ? কোন্ অপরাধে চরণ কাড়িলে ? অাঁধারে ডুবালে উজল দিবা- ? আপনার হাতে কপুর জ্বালি' আরতি যে আজ করিব আমি. পূজা করি গিয়ে—সেবা করি গিয়ে ডাকিছে আমার দেবতা স্বামী।…

পূজারী পূজিবে ? কোখায় পূজারী ? মরে গেছে সেই ভ্রফীচারী, আমি এই হাতে,—না, না আমি নয়,— আমি ফুর্বল আমি কি পারি ?

মৃতবংশার সস্তান আমি দেবতার বরে জনম মম, দশের মতন নতে এ জীবন, কে আছে গো আর আমার সম ?

শিশুহীন ঘরে শিশু এসেছিন্ন,

শৈশব মম দীর্ঘ অতি,

দেব-নিবেদিত জীবন আমার

শিশুকাল হ'তে দেবে ভকতি।

জননীর মুথে শুনিন্থ যেদিন দেবতার সাথে বিবাহ হবে, অসীম আকুল পুলকে পরাণ মাতিয়া উঠিল মহোৎসবে।

তরুণ গরবে ভরিল হৃদয়
ুভুলিলাম খেলা, খেলার সাখী,
দেবতার ঘর হুইল বাসর
কিবা সে দিবস, কিবা সে রাতি।

শুধু দেখিতাম বঙ্গিম ঠাম দেখিতাম কালো রূপের ছটা,

## ছুলির লিখন

ফুলে চন্দনে রক্নভূষণে বরের আমার সাজের ঘটা। আমার দেবতা ! আমার বিঠোবা ! कूगाती-ऋरात मार्थत वत! ভুলেছি তোমার নীরব বাঁশীতে তোমার দেউল আমার ঘর। জনক জননী ছাড়িয়া এসেছি তবুও তো বেশী কাঁদিনি, প্রভু! তাঁরা এমেছেন আমারে দেখিতে আমি তোমা' ছেড়ে যাইনি কভু। তোমারে তুষিতে নৃত্য শিখেছি, দেখিব বলিয়া ওমুখে হাসি কত উল্লাসে করিয়াছি গান প্রভাতে প্রদোবে সমুখে আদি'। দিন কেটে গেছে এমনি করিয়া योवन এम पिरवर एनथा, নৃতন-তপ্ত ফাগুন বাতাসে তপ্ত নিশাস ফেলেছি একা। আরো কাছে যেতে, আরো কাছে পেতে 'বিহ্বল মনে বেড়েছে তৃষা,

"কুট্টি-চাতুরী" পরীদের মত নীরব চরণে ফিরেছি নিশা।

পাষাণ-সোপানে লুটায়ে কেঁদেছি ক্রুদ্ধ হুয়ারে রাখিয়া মাথা, দেউল ঘিরিয়া ঘুরেছি কতই মৃত্ব গুঞ্জনে গাহিয়া গাথা।

রুদ্ধ দুয়ার তবুও খোলেনি,
তবু বিঠোবার শুনিনি বাণী,
অভিমানে ফিরে শয্যা নিয়েছি
কঠিন কাঁকন কপালে হানি'।

কালো কেশ আমি করেহি ধৃসর দেউলের ধৃলি মোচন করি' তবু এ দাসীরে হয় না করুণা, স্বরূপ দেখিতে পাইনে, হরি!

গঙ্গে শুনুছি যবনে যথন নিয়ে গিয়েছিল হরণ ক'রে খেলার পুতুর্ল ছিলে হ'য়ে তুমি বাদশাজাদীর খেলার ঘরে।

শুনেছি নিশীথে তারে দেখা দিতে
মোহন মূরতি ধরিয়া, প্রাভু!
নিমেষের তরে চোখের আড়াল
করিত না সেও তোমারে কভু।

ভক্তেরা হেগা হ'ইল ব্যাকুল দীর্ঘ দিনের অদর্শনে, নিদ্রা-মগনা যবনীরে ফেলি' চতুর! পলায়ে এলে গোপনে!

তোমা-হারা হ'য়ে পাগলের পারা তোমারে খুঁজিতে বাদৃশাজাদী বাহির হইল চড়িয়া ঘোড়ায় দেশে দেশে কত ফিরিল কাঁদি'।

শেষে সন্ধানী সন্ধান করি'
হ'ল উপনীত তোমার দ্বারে,
যবনী জানিয়া দ্বারীরা তোমার
প্রবেশিতে হায় দিল না তারে।

বাধা পেয়ে ছটি বাহু পশারিয়া ফুকারিয়া নারী কহিল শুধু "বিঠোবা! বিঠোবা! আমি যে এসেছি ফুয়ারে দাঁড়ায়ে রয়েছি বঁধু !"

প্রেম-আবাহনে পাবাণ-মূরতি
উঠিলে ছাড়িয়া রতন-বেদী, পলকে বাহিরে আসিয়া দাঁড়ালে বিচ্যুৎ সম জনতা ভেদি'!

তুঃখ-হরণ হাসিটি হাসিয়া প্রেমী যবনীরে বাঁধিলে বুকে, দেখিতে দেখিতে শ্যাম জলধরে
দামিনী লুকায়ে গেল গো স্থায় ।
ভাগ্যবতী সে যবন-বালিকা
অঙ্গ-ভাগিনী করিলে তারে,
আমি অভাগিনী দিবস যামিনী
কাঁদিতে এসেছি এ সংসারে।

বর্ষার রাতে জ্যোৎস্না ফুটিল, অশ্রুর মাঝে ফুটিল হাসি বিঠোবার মঠে ভক্ত এলেন মূর্ত্ত যেন গো পুণ্যরাশি; নয়নে বচনে করুণা তাঁহার মুখে স্মিত হাসি রয়েছে মিশে, তাঁহারে কহিমু "বলে দাও প্রভু! িবিঠোবারে আমি পাইব কিসে।" চামর হেলায়ে ক্লান্ত হয়েছি, ভুলাতে পারিনি নৃত্যগীতে, पूर्थ-या मिनी (कॅरम कांग्रेरिय़ ছि তুরারে পড়িয়া বরষা শীতে। কহিলেন তিনি "এখন কেবল সতত মানসে পৃজিতে হবে,

সময় হইলে তোমায় বিঠোবা নিজে ডেকে লবে মুরলি রবে।

বাহিরে যে আছে ও যে ছবি তার, সে আছে তোমারি প্রা:ণর মাঝে; মনের মান্ত্র্যে সন্ধান কর, দিন কাটায়ো না বিফল কাজে।"

অবাক্ হইয়া শুনিস্থ সে বাণা, বুঝিতে নারিস্থ করিব কি যে, এ কি মিতে কাজে কাটিছে জীবন ? কিছু সমঝিতে না পারি নিজে।

শ্রীমন্দিরের দ্বারে বসিতাম আগেকার মত বীণাটি লয়ে ; থেমে যেত সব যাত্রীর রব, রহিতাম একা উদাস হ'য়ে।

রোদ্রের রেখা স'রে স'রে যায়, ঘন হ'য়ে আসে ছায়ার তুলি, স্পান্দিত পাথে করে আনাগোনা দেউলে গো-পুরে কপোতগুলি।

মনের মাঝারে খুঁজে মরি যারে
তাহারি কেবল পাইনে ভাখা,
আকুল হৃদয় নিয়ে বসে আছি
বিফলে জীবন কাটিহে একা।

মারী আম্মার চরণে প্রণাম আমারে মারিলে যাই যে বেঁচে, এ জীবন-তরী বাহিতে না পারি কৈবলি নয়ন-সলিল সেঁচে।

岩

ধনী মহাজন মন্দিরে এসে অতিথি হইত যখন যেবা, পূজারী—ভণ্ড পূজারী আমারে যলিত করিতে তাদের সেবা। বলিত সে হেসে "সকল পুরুষে আছেন তোমার দেবতা স্বামী।" আমি বলিতাম "তুমি দূর হও তোমার ওকথা শুনিনে আমি। আমি দেবদাসী বিঠোবার বধু বিধ্বার মত কাটাব কাল, যতদিন এই পদ্মের বনে চরণ না রাখে মোর মরাল।" বলিতাম বটে, তবুও হৃদয় নিরমল বলি' হত না মনে, কোঁথা হতে যেন বিহবলতায় ছেয়ে যেত মন কণে কণে!

বনে যে আগুন কোথা হ'তে লাগে বরষে বরষে জানে না কেহ, মনে অপগুণ কোথা হ'তে জাগে গুমিয়া পোড়ে গো পরাণ দেহ!

বিঠোবারে ভালবাসিয়া তবুও স্বস্তি নাহিক দিবস-রাতে— বিরহী হৃদয় বিদ্রোহী হয় নিদ্রা না আসে নয়ন-পাতে।

প্রদীপে ধরিন্থ আঙুল, ভাবিন্থ বাহিরের দাহে ভুলিব দাহ, কাঁটায় করিন্থ শয্যা-রচনা এ দেহে আমার সহিল তাও।

যত মুছি যত শুচি করি মন ততই কালির অঙ্ক পড়ে, ভাবিয়া দেখিকু আমি তো ভাবি না ভাবনা আমার স্বন্ধে চড়ে।

বিঠোবার সাথে মিলিব, এবার মনের এ মলা ঘুচাব আমি, নহিলে মরিব, মরণের পারে পাইব আমার দেবতা স্বামী।

বিলাসের বেশ বর্জন করি বিরহের বেশে দেউলে খুরি ভাবিলাম শেষ মুড়াইব কেশ সংগ্রহ করি' আনিন্ন ছুরি।

সেই রাতে আমি দেখিতু স্বপনে সরাল এসেছে কমলবনে, ফুলের মতন পুলকি' উঠিল এ তমু আমার সে চুম্বনে।

নৃতন শকতি—নব আনন্দ— নিগৃঢ় প্রগাঢ় মিলন-মধু প্রাণপ্ণে পান করিতে করিতে ্ভেসে যাওয়া মিশে যাওয়া সে শুধু!

শ্বপুল বেদনা ! — তেমনি পীড়ন— যেমন পীড়নে অধীর মেঘে দীর্ণ করিয়া দেবতা আমার ঝর ঝর জল ঝরান্ বেগে।

নূতন জীবন লভিয়া স্বপনে জাগিয়া উঠিমু শুচিস্মিতা, শ্যাম জলদের করুণা-ধারায় গেছে নিবে গেছে মনের চিতা।

উষার বাতাসে ছটি সাঁথি ধুয়ে সন্ত-কিরণে করিতু স্নান, অভিষেক মোরে করিল অরুণ পাথীরা গাহিল আরতি-গান।

ভেকে মোরে যার্নী পেলেনাক সাড়া তাহারা ভাবিল গিয়েছি ক্ষেপে পূজারী আসিয়া অল ছুঁইতে অচেতন হয়ে পড়িন্ন কেঁপে।

সংজ্ঞা ফিরিলে স্বপনের কথা বলিন্থ প্রকাশি' সবার মাঝে, নিজ নিজ মত জাহির করিয়া গেল একে একে যে যার কাজে

পূজারী তথনো রয়েছে দাঁড়ায়ে সে কহিল মোরে "ভাগ্যবতী! স্বপন-সূচনা দেখে মনে হয় ধরা দেবে তোর দেবতা-পতি;

কেমন দেখিলি ?"—আমি কহিলাম ,—
করে শোভে বাঁশী নাগস্বরা,
নয়নাভিরাম বন্ধিম ঠাম,—
দেখিতে দেখিতে লুকাল হরা।

কথা শেষ হলে মৃঢ় গেল চ'লে
তখনো বুঝিনি ফন্দি তার,
বুঝিলে তখন এ দশা কি হ'ত
ইহ-পরকাল যেত কি আর ?

তথ্য কেবল প্রাণে অন্তভ্ব— দেবতার প্রেম স্বপনে পাওয়া,— দীর্ঘ স্বপনে দিবস যাপিয়া যামিনীর পারে স্বপন চাওয়া ! ভালবাসা আমি পেয়েছি স্বপনে বাঁধন আমার গিয়েছে টুটে, আমার সর্বব দেবতারে গপি' লইব এবার স্বর্গ লুটে। তার কমে মন তুষ্ট হবে না, তার চেয়ে কম নেব না আমি; তোমার প্রেম সে আমার স্বর্গ তাই দিতে হবে আমায় স্বামী! ভালবেসে আর ভালবাসা পেয়ে অন্ধের জাঁখি গিয়েছে খুলি', এবার বুঝেছি কেমনে বিঠোবা বিপুল পৃথিরী ধরেছ তুলি'। ভালবেনে আজ সম্ভব হ'ল সম্ভব হ'ল তোমারে পাওয়া, হান্ধা করেছে হৃদয়ের বোঝা স্বপন-দেশের হাল্কা হাওয়া।

এমনি করিয়া দিন কেটে যায়, স্থপনের স্মৃতি ফিরিছে সাথে,

বাসকসজ্জা করি নিতি নিতি চির-দেবতার প্রতীক্ষাতে। সহসা একদা শুনিত্র নিশীথে বাজে সেই বাঁশী—নাগস্বরা! ভাবিলাম, এ কি ? জাগিয়া স্থপন ?\*\*\* আবার বাজিল ! ... উঠিমু ত্রা, ছুয়ার খুলিনু,…নাই কেহ নাই,… क्षित्र प्रशांत मुक्ष भरन, আরো কাছে যেন বাজিল এবার লুকাইনু হায় শয্যা-কোণে। কে যেন আমার তুয়ারে দাঁড়াল ! কে যেন আমায় ডাকিল ধীরে ! আমি রহিলাম অসাড় অ বাক, জানি না কখন গেল সে ফিরে। আমার লাগিয়া অভিসারে এসে . ফিরে গেল এ কি দেবতা মম ? কেন ডেকে তারে ঘরে না নিলাম ? অভাগী নাহি গো আমার সম। নিশি শেষে দেখি বরষা নেমেছে, ভেসে যায় দেশ জলের প্রোতে. ধারা যন্ত্রের মত জল ঝরে শিলা-কপোতের চঞ্চ হ'তে।

কি এক আবেশে কেটে গেল বেলা কেটে গেল সারা দিন কেমনে. স্বপনের পাখী দিবদের নীডে পুষিতে বর্গা করেছে মনে! সন্ধ্যা আসিল ফুটিল না তারা, আমি ভাবিলাম মনেতে তবে চন্দ্র তারার দেউটি নিবায়ে তাঁর অভিসার আজিকে হবে। হুয়ার আমার মুক্ত রাখিতু রহিল শিয়রে প্রদীপ জালা, ৰাসর সাজায়ে পুষ্পে মুকুলে নিজ হাতে গেঁথে রাখির মালা। কখন যুমায়ে পড়িত্ন, জানি না, জাগিয়া দেখিতু কে যেন ঘরে, শিরে শোভে চূড়া, অধরে মুরলি, অঙ্গের বাসে ভুবন ভরে! নিব-নিব দীপ নিবে গেল হায় সহসা বাদল-বাতাস লেগে, বজ্রের কাড়া সাড়া দিয়ে গে**ল** তিমির নিবিড় নিশীথ মেঘে। দেবতা জানিয়া চরণ ধরিত্র দে আমারে নিল তুলিয়া বুকে,

উন্মাদপারা অজ্ঞ ধারা নাচিতে লাগিল অধীর স্থাথ। বুকে মুখ রাখি' মুদে এত জাখি, মূরছি পড়িত্ব হর্ম্ম্যতলে; মূৰ্চ্ছা অন্তে জাগিলু ৰখন দেশ ভেসে যায় তখনো জলে ভারের আলোয় শয্যার পানে চাহিতে সহসা দেখিলু এ কি। বিচ্যুত-চূড়া ছল্ম দেবতা নিদ্রিত এ যে পূজারী দেখি! শিহরি' উঠিল সকল শরীর হ'ল সে শুঁঠের মতন শিঠা, রুণায় গ্লানিতে চোখের নিমেষে তিতা হ'য়ে গেল মনের মিঠা। যজ্ঞ-চরুতে পিশাচের লোভ ! পাপের পঙ্ক আমার ঘরে! পাপের অঙ্ক আমার ললাটে, পূজারী আমার শয্যা 'পরে! কুকাজে কি বুক এতই বেড়েছে! বুমাইছে হেখা অদকোচে! ছুঁয়েছে আমার নরকের দূত এই কলঙ্ক কেমনে ঘোচে ?

নিষ্ঠুর হাসি হাসিয়া উঠিত্ব,
হাসিয়া উঠিত্ব কাঁদিতে গিয়া,
বোষে, অপমানে, ছঃখে, সরমে
ফেন ফেটে যেতে চাহিল হিয়া।
কেশ মুড়াবার অস্ত্রটা জিল
টানিয়া বাহির করি মু তারে,
হানিত্ব বক্ষে, হানিত্ব কণ্ঠে,
কোপায়ে কাটিত্ব ভণ্ডটারে,
রক্তের ধারা ছুটিয়া লাগিল
পিচকারী দিয়া আমার মুখে,
চীৎকার করি বিকটোল্লাসে
যুরিয়া পড়িত্ব ধরার বুকে।

উঠে দেখি হাতে পড়েছে শিকল

একঃ ফেলে রেখে গিয়েছে বেঁধে,
লোহার নৃতন গহনা দেখিয়া
হাসিতে এবার ফেলিমু কেঁদে।
বিঠোবা! বিঠোবা! কি হবে আমার
ইহ পরকাল সকলি গেছে,
ভ্রম্টা হয়েছি, হত্যা করেছি,
আর কোনো ফল নাই তো বেঁচে।

আমি দেবদাসী বিগ্রহবধূ কে জানিত মোর এ দশা হবে ? পূজার পূস্প পঙ্গে পড়িত্ব শুধু কলঙ্ক রহিল ভবে॥

### মরিয়া

অবধান ! প্রভু! চরণে প্রণাম কোম্পানী বাহাছর ! এতক্ষণে সে হৃদয়-মনের मत्पर र'ल पृत । মোরা শুনেছিন্থ তোমরা কোথায় কাটিছ নৃতন খাল, জল তাতে দেখা দিল না বলিয়া ভারি হ'ল গোলমাল। জানেরে পুছিতে সে নাকি বলেছে দিতে সেখা নরবলি, তাই আমাদের কেড়ে নিয়ে যাবে পাহাড়ীর কান মলি'। আমরা মরিয়া, মরিবার তরে উঠেছি পুষ্ট হ'য়ে, মারীচের দশা—কোনো আশা নাই ভাগ্য-বিপর্য্যয়ে।

তোমাদের হাতে মরিব, না হয় পাহাড়ী থোঁদের হাতে, সমুখে পিছনে মৃত্যু মোদের শঙ্কা কি আর তাতে ? তবে, ভাবিলাম মূল্য না দিয়ে নিয়ে যে মোদের যাবে,— পড়ে-পাওয়া বলি ঠাকুর-দেবতা তুষ্ট হ'য়ে কি খাবে ? জোমা সন্দার আমার মায়েরে তিন-কুড়ি টাকা দিয়ে কিনে এনেছিল 'পরু'দের কাছে পাহাড়তলীতে গিয়ে। পণ্যের মত মানুষ বেচাই পত্নদের ব্যবসায়: मित्रिया, रलूम, (त्र्ड़ीत वम्रतन মানুষ বেচিয়া যায়! হাঁ সাহেব! বলি তোমাদের দেশে হলুদের চাষ আছে ? আছে ?…থাক্ !…তবু দাঁড়াতে পারে না খোঁদ্ হলুদের কাছে। দেখনি তা' বুঝি ? কিবা তার রঙ

আহা সে চমৎকার,

হবে না কেন গো? ক্লেভে দেওয়া হয় নর-রক্তের সার। হলুদ্ বেচিয়া জোমা সদ্দার পেয়েছিল যত টাকা, তা' দিয়ে আমার মায়েরে কিনিল, হ'য়ে গেল হাত ফাঁকা: তা' ছাড়া তখন পেনু, পূজার ঢের দিন ছিল বাকী, কাজেই, মারেরে বলি সে না দিয়ে নিজ গৃহে দিল রাখি'। গন্ধীবের মেয়ে ছিল মা আমার, তার 'পর সে বছর বাপের আমার মৃত্যু হয়েছে,— দেশে মন্বন্তর,---ক্ষুধার যাতনা সহিতে না পেরে ভিক্ষা না পেয়ে শেষে অন্নের লোভে 'গমু'দের সাথে এসেছিল এই দেশে। তখন যে আমি গর্ভে হয়েছি জানিতে পারেনি কেহ, ক্রমে লক্ষণ দেখে সন্দার করিল সে সন্দেহ।

লোকজন ডেকে বলিল সে "একে যতন করিয়া রাখ. ছেলে ও পোয়াতি হু' ঠাই না হ'লে বলি দেওয়া হবে নাক' ৷ পত্ন বেটা আগে বুঝিতে পারিলে আদায় করিত দাম, সেবার যেমন ঠকায়ে সে গেছে,— এবারে সে জিতিলাম।" আরো কিছু দিন বাঁচিতে পাইবে শুনিয়া মরণ-ভীত জননী আমার হর্য-আবেগে হয়েছিল মূর্চ্ছিত। তার পর আমি জন্ম নিয়েছি. ক্রমশ হয়েছি বড়, লাদাতে ছুটিতে পাহাড়ে উঠিতে গাঁতার কাটিতে দ্ভ। সন্তানহীন সর্দার মোরে ফেলেছিল ভালবেসে,— "পোষিঅ পুঅ যে করিব ইহারে" কহিত সে হেসে হেসে। সন্ধ্যাবেলায় এক দিন ঘরে এসেছে গাঁয়ের 'জানি',

সর্দার মোরে তার সম্মুখে হাজির করিল আনি'। আমারে লইবে পোষ্যপুত্র সে কথা জানাল ভাবে, চমকিয়া 'জানি' কহিল "তাহ'লে গ্রাম ছারেখারে যাবে: পোনুর ধন ক'র না হরণ পেনুর হবে রাগ, দেবতার নামে যে ধন রেখেছ তাতে বসায়ো না ভাগ। ত্বে,—পার—বলি বন্ধ রাখিতে,— তেমন বিধান আছে,— তোমার জিম্মা দেবতার ফল পাকিতে থাকুক গাছে। কাঁচা হ'তে ডাঁশা ফল পেনুর হয় যে অধিক প্রিয়: তবে তাই ভাল, বিশ বংসরে তুমি ওরে বলি দিয়ো।" সদ্দার বুড়া মৌন রহিয়া মেনে নিল কথা তার, রাজ-ভোগে হায় চলিতে লাগিল

পালন এ মরিয়ার !

পুত্রের নামে প্রস্থৃতি বাঁচিল বেঁচে গেল মা আমার, রাষ্ট্র হইল এক সঙ্গেই विल इ'रव छ'जनात। বলির জন্ম কিনে আনা হ'ল একটি হাড়ির মেয়ে, রোগা হাডে তার চর্ব্বি লাগিল চৰ্বব্য চোষ্য পেয়ে। মুখের কথাটি হয় না খসাতে হাতে তুলে দেয় চাঁদ, —(সে মরিয়া নয় দেবের ভোগ্য যার মিটে নাই সাধ।) গানে গানে তারে রাখিল ভুলায়ে ভাবিতে না দেয় লেশ. রসের নেশায় ভূবিয়ে রেখেছে দেছে নব বাস-বেশ। ক্রমে উৎসব এল ঘনাইয়া চারিদিন সবে বাকী, গ্রাম জুড়ে বেজে উঠিল বাছ পড়ে গেল হাঁকাহাঁকি। চঞ্চল হ'য়ে উঠিল সকলে মেয়েরা জুড়িল নাচ,

শালবন প্রায় হ'ল ফুলহীন রসহীন তালগাছ। বল্লম লয়ে খেলিল ছেলেরা রস-পানে রাঙা আঁথি ভারি বেড়ে গেল মেয়ে মরদের মাতামাতি মাথামাথি তিন দিন রাত এমনি কাটিল, চৌঠা দিনের ভোরে ুরুম ভেঙে দেখি চলেছে মরিয়া মশানের পথ ধরে'। ফেলিছে চরণ কলের মতন লক্যবিহীন চোখ, সাথে সাথে তার কোলাহল ক'রে চলেছে গাঁয়ের লোক। চলেছে মরিয়া,—আজি সে নেশায় মরিয়া হইয়া আছে, চোখের চাহনি আকুতিতে ভরা ছটি পেলে যেন বাঁচে; যুচে গেছে তার স্থগ্নংখের বিচার—বিচক্ষণা, মরিতে নিজেই চলেছে মরিয়া উদাসীন উল্গনা।

পেনুর পাখী বহিতে হেলিয়া পড়িছে ক্লান্ত গ্রীবা; দিনের বেলায় এ কি কুস্বপন ?... এ কি তবে নহে 'দিবা ? ভয় হ'ল মোর, তবু নিরস্ত হ'ল না কোতৃহল, মরিয়ার পিছে চলিতে লাগিত্ব অনুসরি' কোলাহল! সাত বছরের শিশু এক দিল তেল মরিয়ার চুলে, 'জানি'-পুরোহিত মন্ত্র পড়িয়া মালা দিল গলে তুলে। সহসা জনতা ব্যাপিয়া বিষম পড়ে গেল ঠেলাঠেলি, মরিয়ারে ঘিরে মহা হুড়াহুড়ি উৎস্কু বাহু মোল। মরিরার মাধা হ'তে তেল নিয়ে মাখিলে নিজের ভালে ডাইনীতে নাকি দৃষ্টি হানিতে পারে নাক' কোনোকালে। ভাগ্যে তৈল কাহারো হইল, দূর হ'তে কেহ ভিড়ে

তৈলের লোভে হস্ত বাঙায়ে চুলগোছা নিল ছিঁড়ে। বিব্ৰত হ'য়ে অভাগী মরিয়া বিকৃত করিল মুখ, তাড়ির পাত্র ধরিবা মাত্র পিয়ে নিল উৎস্ক । পেনুর কাছে মরিয়া চলেছে, চলে লোক জুড়ি' পথ, অাস্তানা 'পরে দাঁড়াল সবাই করিয়া দণ্ডবং। 'জানি' যোড়হাতে কহিল 'ঠাকুর! থালাস আছি হে দোষে, মূল্যে ইহারে করেছি শুদ্ধ খাওয়ায়েছি খুব ক'দো: বলি-উপহার লও হে পেন, ! হও প্রসন্ন, প্রভু ! দেহ বল দেহে, ক্ষেত্রে শস্তা, ভুলিয়া থেক না কভু।" প্রার্থনা শেষে সকলে মিলিয়া নমিল পুনর্কার, বাগু বাজিল শিশুরা নাচিল বিলম্ব নাই আর।

প্রথমে বরাহ বলি হ'য়ে গেল বকে ভিজিল মাটি, সহসা খুরিয়া পড়িল মরিয়া !— স্বন্ধে পড়েছে লাঠি! চেরা-বাঁশ ছিল মজ্ত, অমনি চাপিয়া ধরিল গলা, হাররে মরিয়া ! এ বারের মত শেষ হ'ল কথা বলা। মাথা ভুলে জাখি ঠিকরিয়া চায়,— চোখে আরু নাই নেশা-বাঁশের দু'মুখ এক হ'য়ে এল চলিতে লাগিল পেষা। ক্ষুরপি ধরিয়া খাড়া ছিল হোথা ক্ষেত্রে মালিক যারা. না মরিতে নিল মাংস কাটিয়া যেন শকুনির পারা। স্পন্দিত নাড়ী সভা মাংস তাদের মুঠার চাপে ব্যাধের বজ্র-মুঠার পীড়নে পাখীটির মত কাঁপে। ধেয়ে চলে' তারা গেল উল্লাসে কি এক নেশায় মেতে, তপ্ত মাংস পুঁতিয়া ফেলিল

তাপন আপন কেতে

শূকর-রক্তে পূরিত গর্ত্তে

মরিয়ার মুখখানা

ডুবারে হেখায় গুঁজড়িয়া জোরে

ধরিল লোকেতে নানা।

নিশাস তার পড়িল না আর,

নিশাস ভগবান

ফুষিবার অ.র রহিল না পথ,

ত্যপরাধ অবসান।
প্রাণী-হত্যার পাতক হ'ল না

প্রাণ রহিলেন দেহে, কর্ম্ম হইল পূরা অনুকূল

ধর্ম বাড়িল গে<u>হে।</u>

শূক্র-শাবক দক্ষিণা পেয়ে হরে গেল পুরোহিত,

পুরুষের সাজে নাচিল নারীরা গাহি পরবের গীত।

ঘারে ফিরিলাম ভয়ে নির্ববাক বল নাহি পায়ে হাতে,

অন্ন পানীয় মুথে সে রুচে না নিদ্রা আসে না রাতে। মারের পরাণ উঠিল শুকায়ে
ভাবনায় দিন দিন,
সুস্থ সবল শরীরটি তার
ক্রমে হ'য়ে গেল ক্ষীণ।
মরিয়ার মত দগ্ধিয়া মরা
ললাটের লিপি নয়,
তাই মা আমার হঠাৎ মরিল
যুচিল ভাবনা ভয়।
আমি রহিলাম সদা সশক্ষ,
শিয়রে ফুঁ সিছে ফণী:

বরধের পর বরষ কাটিছে -মরণের দিন গণি'।

সেই বীভংস উংসব-কালে বংসরে বংসরে

প্রতি মরিয়ার সঙ্গে মরিতে লাগিন্থ নৃতন ক'রে।

যৌবন এল গৌরব ভরে নাহিক স্থথের আশা,

কোন্ নারী হায় করিবে গ্রহণ মরিয়ার ভালবাসা ?

নয়ন মগন হ'য়ে যেত, হায়, তবু স্থন্দর মুখে,

মন চঞ্জ তবু হ'ত মোর মন-গড়া চুখে স্থথে। মরণ রয়েছে দাঁড়ায়ে তুয়ারে তাও যেন যাই ভুলে! ভেজায়ে তুয়ার প্রেমের ভুবন দেখি বাতায়ন খুলে। এমনি করিয়া কুড়িটা বছর কেটে গেল জীবনের, আর বেশী দিন বাঁচিতে হবে না, সে কথা পেলাম টের। সহসা মোদের বুড়া সন্দার মরিল অপুত্রক, যেটুকু ভরসা ছিল,—তা' ফুরাল, গেল মোর রক্ষক। নৃতন যে এক সন্দার হ'ল সে কহিল এসে "কে রে ? এটা কি জুমার পুষ্যি নাকি রে ? আগে তো দেখিনি এরে।" জানি-পুবে। হিত কহিল "তা'হলে সর্দ্ধার হ'ত ও ষে ;---জাগ্-বসানো ও দেবতার ফল,— দিব্য উঠেছে মজে।

ও এক মরিয়া; ওরে সতর্কে সাবধানে দিয়ো রেখে দগ্ধ মংস্থ্য শেষে না পালায় তোমার হস্ত থেকে।<sup>6</sup> পালাব ! • • এ কথা এতদিন, হায় কেন ভাবি নাই মনে! পারি তো পালাতে ! তবে এ বয়সে কেন মরি অকারণে ? তাই করিলাম,...বাহির হলাম নিশুতি - নিশীথ রাতে. পাহাড়ের পথ হয়েছে পিছল অকালের বাদুলাতে। যুমে-যোলা চোথ কচালি' চলিত্ব পা ফেলিয়া আঁচে আঁচে পাহাড়তলীতে নামিলে বারেক ছুটিয়া পরাণ বাঁচে। কোথা যাব তার নাইক ঠিকানা চলিয়াছি খর পায়, এবার যদিরে ধরা পড়ে যাই ?— একেবারে নিরুপায়। কাঁটার আঁচিড়ে ছড় গেল কত, উছটে ফাটিল নথ,

যুম উড়ে গেল, আঁধার ফ ভিয়া জ্বিতে লাগিল চোখ। পড়িতে পড়িতে বঁাচিয়া গেলাম ;---পিছনে শিথিল শিলা চরণের ভরে উঠেছিল ছলে বর্ষার জলে ঢিলা। বাঘের সাপের ভয় ভুলেছিমু মরিয়া তো মরিয়াই, ভোর হ'ল যবে, চেয়ে দেখি হায়, যা' ভয় করেছি তাই। মান্ত্র বেচিতে প্রু-বণিকেরা **ठ**त्लर्ह वैधिया मल, আমারে দেখিয়া শীকার ভাবিয়া হ'ল তারা চঞ্চল। লুকাতে গিয়াই ধরা পড়ে গেন্থ ভাল করে দিতু ধরা, তাড়া 'ক'রে মোরে ফেলিল ধরিয়া' অাঁধার দেখিলু ধরা। সুধাইল তারা 'কোখা তোর ঘর ?" ''ঠিক উত্তর দিস্"। ''ঘরে যদি তোরে দিই পৌছিয়া কি মিলিবে বথ শিস্ ?"

আমি কহিলাম, নাই ঘর-বাড়ী নাইক আমার টাকা, কেহ নাই মোর জগতে, সমান মরে যাওয়া বেঁচে থাকা। তবে যদি মোরে প্রাণদান দাও করিয়া মেতেরবানী গোলাম হইয়া সেবিব চরণ পরম ভাগ্য মানি'। ''মেহেরবানীর কথা রেখে দাও, সেইখানে চল তবে যেখানে তোমার এই কর্মোর উচিত শাস্তি হবে।" খুন চেপে প্রায় গেছিল মাথায় শুনি তার এই কথা, মারিতে উঠিয়া হন্থ নিরস্ত, হায় রে নিক্ষলতা। গ্রানির ক্ষোভের তাল সামালিতে রক্ত চড়িল মাথে, কি বলিতে গিয়া নারিন্থ বলিতে, আলো কালো হ'ল প্রাতে। মাটি অঁকিড়িয়া বসিয়া পড়িনু বাতাসে পাতিয়া শিরু

মুহু মুহু কেশ কণ্টকি' উঠে, প্রাণ অতি অস্থির। কি যে বলাবলি করিছে সবাই শুনিতে না পাই কিছু, আমি একা, হায়, ইহারা অনেক মাথা করিলাম নীচু। ফিরিতে হইল আবার: এবার পাহারা বসিল কড়া, পেয়াদা-সমুখে শয়ন ভোজন উঠা বসা নভাচভা। বন্দী নহিক, যেথা যেতে চাই নিয়ে যায় তারা সাথে, স্বাধীনও নহিক, চোখে চোখে রাখে, চোকী দিনে ও রাতে। রাতে দিনে মোর সোয়াস্তি নেই, মুখে মোর নেই ভাষা, মরণের হাওয়া পরাণে লেগেছে যুচে গেছে কাঁদাহাসা। ভোজন-ঘটার ঘটে নাই ত্রুটি নাই তবু ক্ষুধা-লেশ; সিনানের জলে দেখিতু একদা শালা হ'য়ে গেছে কেশ।

মরিবার মত হয়নি বয়স তবুও মরিতে হবে; তাই বিধি দিলে বৃদ্ধের বেশ, ্ এবার মরিব তবেণ মরিতে বসেছি মাঝে মাঝে মন তবু হয় বিদ্রোহী, অগ্রিন জালায়ে মনের গোপনে আপনি তাহাতে দহি। মরিব না ওগো মরিব না আমি বলি-শৃকরের মত, मातिया मतिव त्रक्तिमात्त्व, এই হ'ল মোর ব্রত। **जित्न जित्न जित्न जित्न ज्ञाहित्छ** আবার পেন্ন, পূজা, আহলাদে বুড়া জোয়ান হরেচে সোজা হ'য়ে চলে কুঁজা। হঠাৎ থামিয়া গেল নাচা-কোঁদা থেমে গেল উৎসব, কানাযুষা শুনি 'কোম্পানী আসে! ত্রস্ত থোঁদেরা সব।

তোমরা তখন ঘিরেছ পাহাড়, কোম্পানী বাহাতুর! ঘোর কলিযুগে রাক্ষসপুরী এসেছ কবিতে চুর। কামানের গোলা ভারি বোল্ বলে,— মজে গেল সর্দার, তাই তোমাদের হুকুম মানিতে দ্বিধা করিল না আর। তাই বাঘছালে বসি প্রশিল তণ্ডল, জল, মাটি, নরবলি দ।ন বন্ধ করিতে শপথ করিল থাঁটি। খঁটি এ শপথ ভঙ্গ করিলে বাঘে ছিঁড়ে খাবে গলা, মাটি হবে লোহা,—শস্তা না দিবে. গলায় ভাতের দলা-গলিবে না; জলে তৃষ্ণা না যাবে ভারি এ শপথ কড়া, এ শপথ থোঁদ ভঙ্গ করে না, সন্ধির লেখাপড়া এর কাছে অতি তুচ্ছ সাহেব, জেনো তুমি নিশ্চয়,

খোঁদ আজ বড় দিব্য করেছে,
নাই আর নাই ভয়।
মরিয়ার আজ মরণ ঘুচিল
ত হঃখ হইল দূর,
অশেব লোকের আশিস কুড়ালে
কোম্পানী বাহাত্ব!

### শেষ

নিখিল অবদান

সমাধান

যেখানে—

গীতি সে অবদান

যে মহান্

· \*!!\*||[•|---

,যেখানে মহাযুম

চিতাধৃম

স্ষ্ঠির

সেখানে কুণ্ডলি'

কুতূহলী

তুলি শির।

গগনে অগণনা

মেলি ফণা

নীলিমায়,

সাগরে মণি-গেহে

जिल प्राट्ट

মহিমায়,

ফণাতে জলে তারা

মণি-পারা

निर्मिषिन,

নিশাসে রবি শশী

পড়ে খসি'

আলোহীন।

আমি না হাসি কাঁদি,

যমে বাঁধি

নিয়মে,

চপলা অচপলে

ফণাতলে

বির্মে;

আমারি অধিকারে

ভারে ভারে

অবিরল

জমিছে জগতের

ফদলের

শেষ ফল।

উথলি' যে কাকলি

যায় গলি'

বাতাদে,—

যে ভাত্তি ছিল দীপে— গেল নিবে--কোথা সে ! থে ঢেউ **जिल** (जाना ভয়-ভোলা ভেলাকে,— গেল কোথা ?— তলায়ে সে বারতা . কে রাখে ? 'গে স্থ্র হল শেষ রাখি' রৈশ পুলকে,— হাসি-রেখা ফুরানো

ی د

আলথে : বারেক ফুটে উঠে গেছে টুটে

যত ফুল

থাকে লেখা

হ'ল সে হ'ল জমা সে সুষদা নহে ধূল্।

হারানো সব গান

সব প্রাণ

আছে গো

আমারি ফণাতলে

म्दन म्दन

রাজে গো;

হেথায় নতমুখ

ভুল চুক

চুকিছে,

হারানো তুথ সুখ

ধুক্ ধুক্

ধুকিছে।

ব্যথার পাথারেতে

ঢেউ মেতে

উঠে সে,

তুফানে হানাহানি,—

হেথা জানি

पूरि तम ;

মথিত পারাবার

হাহাকার

করে, হায়!

সে রব যায় মিশে আমারি সে গরিমায়।

নিশানে এ নিথিল হ'ল নীল দশদিশ, বিষাণে ওঠে তান অবসান সুধাবিষ;

গরজে মহাজল জগতল জিফু

আমারি ফ' ছায় হে চায় বিষ্ণু!

বটেরি ছারা সম

 এই মম

 ফণাচয়

এখানে বাঁধে নী ছ

 করে ভিড়

करस १७७ **अ**भूनश ;—

যত সে হারা মন

পুরাতন

হারা প্রাণঃ

হারানে আলো ছায়া

সেহ মায়া

ভোলা গান ।

यां किছू शाय क्रय

তাহা রয়

আমাতে,

প্রলয়ও বাসে ভয়

र्य नय

আঘাতে;—

আঘাতও নাহি সহে

भि (य मरह

পরকে,

ফণাতে আমি রাখি

সুধা ঢাকি

উর্দে।

সহজে আমি ঋজু নহি কিছু

বক্ৰ,

CH

नीनाय দিন্যামী রচি আমি চক্ৰ ; নীরবে লিখি লেখা আমি একা দ্ৰম্ভা, নিখিলে চিরকাল যতিতাল-व्यक्ता। আমাতে বীতশোক লভে লোক নিৰ্কাণ, নিরালা' নিশসিয়া মোর হিয়া গাহে গান; ফণা 'পর এ মম চরাচর धत्रशी মরণের জনম-সরণের मत्री।

277

হেলিয় যবে ছলি, ঢেউ তুলি

উতরো*ল* উতরোল্য

উথলে চারিভিতে 0

ভয়ভীতে

ङ्ँरेपान !

আগতে ধরাধর নির্ভর

লভিছে,

শিয়রে হ'য়ে ধ্রুব

সব শুভ

শোভিছে।

তুহিন- রাশি সম

দেহ মম

অতি হিম,

at .

ভিতরে স্থধা-গেহ

শুধু মেহ

निःभीम !

প্রজাপতি দ্রুতগতি

সে ধামে

